# ইউকে কোভিড-19 ইনকোয়েরি
# ড্রাফট টার্মস অফ রেফারেন্সের উপরে আলোচনা – প্রতিক্রিয়াগুলোর সারসংক্ষেপ
## মে 2022

## মুখবন্ধ

আমি 2021 সালের ডিসেম্বরে ইউকে কোভিড -19 ইনকোয়েরির চেয়ার হিসাবে নিযুক্ত হয়েছিলাম। আমার কাজ হল ইনকোয়েরি যেন এর উদ্দেশ্য সর্বোত্তমভাবে পূরণ করতে পারে তা নিশ্চিত করা - যা হল কোভিড-19 মহামারীর ব্যাপারে যুক্তরাজ্যের প্রস্তুতি পরীক্ষা করা এবং প্রতিক্রিয়া জানানো এবং ভবিষ্যতের জন্য শিক্ষা নেওয়া।

ইনকোয়েরি কী দেখবে তার পরিধি টার্মস অফ রেফারেন্সের মধ্যে নির্ধারণ করে দেওয়া হবে। এগুলোর ব্যাপক পরিধি ইনকোয়েরিকে যুক্তরাজ্যের মহামারী প্রতিক্রিয়ার বিভিন্ন দিক তদন্ত করার স্বাধীনতা দেয়। মার্চ মাসে প্রধানমন্ত্রীর কাছ থেকে আমি একটি খসড়া টার্মস অব রেফারেন্স পাওয়ার পর, আমার অগ্রাধিকার ছিল একটি গণ আলোচনা করা যাতে আমি নিশ্চিত করতে পারি যে আমার কাজে যতটা সম্ভব জনসাধারণের উদ্বেগগুলোকে প্রতিফলিত করতে পারি।

এই নথিটি ইনকোয়েরির সেই গণ আলোচনার স্বাধীন বিশ্লেষণ করাকে নির্ধারণ করে দেয়। জনগণের অনুভূতির শক্তির উপর ভিত্তি করে, আমি পরামর্শ দিচ্ছি যে টার্মস অব রেফারেন্সকে যেন প্রসারিত এবং পুনরায় ফ্রেম করা হয়।

যুক্তরাজ্য জুড়ে এগারোটি শহরের শোকাহত পরিবারগুলোর সাথে দেখা করার সৌভাগ্য আমার হয়েছিল, যারা মহামারী চলাকালীন সময়ে তাদের প্রিয়জনকে হারানোর অভিজ্ঞতা শেয়ার করেছিলেন। এছাড়া আমরা গণ আলোচনায় 20,000 টিরও বেশি প্রতিক্রিয়া পেয়েছিলাম। জনগণের গঠনমূলক মতামত ছাড়া টার্ম অব রেফারেন্সে এমন স্পষ্ট, সুনির্দিষ্ট পরিবর্তনের জন্য আমি সুপারিশ করতে সক্ষম হতাম না।

প্রধানমন্ত্রী এখন আমার সুপারিশগুলোকে বিবেচনা করবেন এবং আমি আশা করি শীঘ্রই চূড়ান্ত টার্মস অব রেফারেন্স পেয়ে যাব, যাতে ইনকোয়েরি আন্তরিকতার সাথে কাজ করা শুরু করতে পারে।

শোকাহত পরিবারগুলোর সাথে করা মিটিংগুলোতে আমি যে প্রতিশ্রুতি দিয়েছিলাম তা আমি পুনরায় নিশ্চিতভাবে জানাতে চাই। মহামারী চলাকালীন সময়ে যারা সবচেয়ে বেশি ভুগছেন তারা ইনকোয়েরির কাজের কেন্দ্রবিন্দুতে থাকবেন। আমি এটি নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ যে ইনকোয়েরিটি যেন ইউকে-তে প্রত্যেকের কাছে অ্যাক্সেসযোগ্য হয়, এবং ইউকে সোসাইটির সবগুলো দিকের উপর মহামারীর প্রভাবকে যাচাই করব।

আমি গভর্নমেন্ট থেকে স্বতন্ত্রভাবে ইনকোয়েরিকে পরিচালনা করার প্রতিশ্রুতি দিচ্ছি, যা ন্যায্যতা এবং উন্মুক্ততার নীতির দ্বারা পরিচালিত হবে।

ব্যারোনেস হিদার হ্যালেট (Baroness Heather Hallett)

# *সূচনা*

যুক্তরাজ্যের কোভিড-19 মহামারীর ব্যাপারে প্রস্তুতি পরীক্ষা করতে এবং প্রতিক্রিয়া জানাতে, এবং ভবিষ্যতের জন্য লেসন শিখতে ইউকে কোভিড-19 ইনকোয়েরি (The UK Covid-19 Inquiry) প্রতিষ্ঠিত হচ্ছে।

ব্যারোনেস হ্যালেট (Baroness Hallett), আপিল কোর্টের একজন প্রাক্তন জাজ, 2021 সালের ডিসেম্বরে ইনকোয়েরি এর চেয়ার হিসাবে নিযুক্ত হন। তিনি ইনকোয়েরি এর নেতৃত্ব দেবেন এবং তাকে, সহায়তা করার জন্য তখন থেকে, একটি ইনকোয়েরি টিম তৈরি করছেন।

এই ইনকোয়েরিটি যুক্তরাজ্যের আগের যেকোনো সংবিধিবদ্ধ ইনকোয়েরি থেকে আলাদা। এটি কোনো একটি একক ঘটনা অথবা এমনকি ঘটনাসমূহের একটি সিরিজ, অথবা এটি অথবা এগুলো কেন ঘটেছে তা দেখছে না। পরিবর্তে, এটি অনুসন্ধান করবে কিভাবে একটি মহামারী পুরো দেশকে আঘাত করেছে (আসলে চারটি দেশ), এবং কিভাবে যুক্তরাজ্য সরকার, ডেভেলপড অ্যাডমিনিস্ট্রেশনগুলো, লোকাল গভর্নমেন্ট এবং রাজ্যের অন্যান্য অনেকগুলো অংশ সাড়া দিয়েছে, তাদের সিদ্ধান্ত গ্রহণ করার এবং পাবলিক ফাংশনগুলোর প্রায় সমগ্র পরিসর জুড়ে।

এমন একটি অভূতপূর্ব সম্ভাবনাময় সুযোগ সদ্ব্যবহার করতে, আমরা কী অনুসন্ধান করব এবং কিভাবে তা করতে হবে সেই ব্যাপারে এই ইনকোয়েরিকে যতটা সম্ভব স্পষ্ট হতে হবে। এটি আমাদের 'টার্মস অফ রেফারেন্স'-এ উচ্চ স্তরে নির্ধারণ করা হবে, যা পরীক্ষা করার বিষয়গুলোর সামগ্রিক আকার এবং সীমানা প্রদান করবে। টার্মস অব রেফারেন্স নির্ধারণের দায়িত্ব প্রধানমন্ত্রীর।

একটি ইনকোয়েরির কোভিড-19 মহামারীর মতো একটি বিস্তৃত বিষয়কে অনুসন্ধান করা, এটি টার্মস অফ রেফারেন্স-এর জন্য বাস্তব সম্মত নয় যে কাজ করতে হবে এমন প্রতিটি সমস্যার জন্য বিস্তৃত তালিকা নির্ধারণ করে দেওয়া। আমাদের কাজের এই প্রাথমিক পর্যায়ে আমাদের যা যা পরীক্ষা করতে হবে তা সনাক্ত করা, অথবা প্রকৃতপক্ষে পরামর্শযোগ্য করা সম্ভব হবে না, এবং নতুন সমস্যাগুলো চিহ্নিত হলে সেগুলি পরীক্ষা করার জন্য আমাদের নমনীয়তা বজায় রাখতে হবে কারণ এগুলো সংগ্রহ করা প্রমাণ থেকে চিহ্নিত করা হয়।

টার্মস অব রেফারেন্স তাই বিস্তৃত বিষয়গুলোর একটি সিরিজ নির্ধারণ করেছে, যা ইনকোয়েরির অগ্রগতির সাথে সাথে সমস্যা এবং তদন্তের একটি বিশদ তালিকা হিসাবে তৈরি করা হবে। একটি সমস্যা আমরা যেন পরীক্ষা করে দেখতে পারি সেইজন্য এটিকে টার্মস অব রেফারেন্সে স্পষ্টভাবে তালিকাভুক্ত করার প্রয়োজন নেই, যতক্ষণ পর্যন্ত এটি সেই বিস্তৃত বিষয়গুলোর মধ্যের যেকোনো একটির সাথে ফিট করছে।

## কিভাবে টার্মস অব রেফারেন্স নির্ধারিত হয়?

ব্যারোনেস হ্যালেট এবং স্কটল্যান্ড, ওয়েলস এবং নর্দার্ন আয়ারল্যান্ডের ডেভেলভড অ্যাডমিনিস্ট্রেশনগুলোর সাথে পরামর্শের পর, যুক্তরাজ্যের কোভিড-19 ইনকোয়েরির টার্মস অব রেফারেন্সের একটি খসড়া প্রধানমন্ত্রী তৈরি করেছিলেন, এবং 9 মার্চ 2022 প্রকাশিত হয়েছিল। প্রধানমন্ত্রী ব্যারোনেস হ্যালেটকে টার্মস অফ রেফারেন্স নিয়ে একটি গণ আলোচনা করতে বলেছিলেন, যাতে ইনকোয়েরি কোন বিষয়গুলোকে বিবেচনা করবে জনসাধারণের সদস্যরা তা যেন প্রভাবিত করে৷

11 মার্চ থেকে 7 এপ্রিল 2022 পর্যন্ত, ইনকোয়েরি কী পরীক্ষা করবে এবং কিভাবে আমাদের কাজ পরিচালনা করতে হবে সেই সম্পর্কে মতামত জানতে আমরা একটি আলোচনা পরিচালনা করেছি। এই আলোচনাটি সবার জন্য উন্মুক্ত ছিল, এবং জনসাধারণ আমাদের ওয়েবসাইটে, ইমেইলের মাধ্যমে অথবা আমাদের কাছে লেখার মাধ্যমে অবদান রাখতে পারতেন। এটি চারটি প্রশ্ন নিয়ে গঠিত হয়েছিল:

1. ইনকোয়েরির খসড়া টার্মস অব রেফারেন্স কী সমস্ত ক্ষেত্রকে কভার করে যেগুলোকে ইনকোয়েরির সুরাহা করা উচিত বলে আপনি মনে করেন? এবং যদি না হয়, তাহলে কেন নয় তা অনুগ্রহ করে ব্যাখ্যা করুন।

2. কোন সমস্যা অথবা বিষয়গুলোকে ইনকোয়েরির প্রথমেই দেখা দরকার বলে আপনি মনে করেন?

3. আপনি কি মনে করেন যে ইনকোয়েরিকে গণ শুনানির জন্য একটি পরিকল্পিত শেষ-করার-তারিখ নির্ধারণ করতে হবে, যাতে সময়মত অনুসন্ধান এবং সুপারিশ করা নিশ্চিত করতে সহায়তা করা যায়?

4. শোকাহত ব্যক্তিগণ অথবা মহামারীর কারণে যারা ক্ষতিগ্রস্ত অথবা কষ্টের শিকার হয়েছেন তাদের মতামত শোনা হয়েছে তা নিশ্চিত করার জন্য ইনকোয়েরিটি কিভাবে ডিজাইন করতে এবং পরিচালনা করতে হবে?

এই আলোচনা প্রক্রিয়ার অংশ হিসাবে, ব্যারোনেস হ্যালেট যুক্তরাজ্যের নানা শহরের শোকাহত পরিবারগুলোর সাথে দেখা করেছেন খসড়া টার্মস অব রেফারেন্স সম্পর্কে তাদের মতামত সম্পর্কে শুনতে।

পাশাপাশি, ইনকোয়েরি টিমটি 'গোলটেবিল' আলোচনাগুলোতে 140 টিরও বেশি সংস্থার প্রতিনিধিদের সাথে দেখা করেছে, যার মধ্যে ইকুয়ালিটি অ্যান্ড ডাইভারসিটি, হেলথকেয়ার, বিজনেস, এবং এডুকেশন এবং তরুণদের মতো বিষয়গুলোকে আওতায় আনা হয়েছে। এই গোলটেবিল ইভেন্টগুলোর প্রতিটির প্রতিলিপি আমাদের ওয়েবসাইটে উপলব্ধ রয়েছে।

আমরা আলোচনার সময়ে মোট 20,061টি প্রতিক্রিয়া পেয়েছি, যার মধ্যে 19,903 টি আমাদের অনলাইন কনসালটেশন ফর্মের মাধ্যমে গৃহীত হয়েছিল৷ আমরা আলমা ইকোনমিক্স, একটি স্বাধীন গবেষণা কনসাল্ট্যান্সিকে কমিশন করেছি, প্রতিক্রিয়াগুলোর বিশ্লেষণ করতে এবং একটি বিস্তৃত স্বাধীন রিপোর্ট তৈরি করতে, উত্তরদাতাদের মতামত এবং পরামর্শ প্রক্রিয়া থেকে উদ্ভূত মূল বিষয়গুলোর সংক্ষিপ্তকরণ করতে। সেই রিপোর্ট আমাদের ওয়েবসাইটে আলাদাভাবে পাওয়া যাবে।

ইনকোয়েরির চেয়ার ব্যারোনেস হ্যালেট আলোচনাকালে প্রাপ্ত সকল প্রমাণ বিবেচনা করেছেন এবং এই উপসংহারে পৌঁছেছেন যে উত্থাপিত সমস্যাগুলোর বিষয়ে সাড়া দিতে টার্মস অব রেফারেন্সে বেশ কিছু পরিবর্তনের প্রয়োজন রয়েছে। এই ডকুমেন্টটি চিহ্নিত মূল থিমগুলোকে বিবেচনা করে এবং খসড়া টার্মস অব রেফারেন্সের পরিবর্তনগুলো যা তিনি প্রধানমন্ত্রীর কাছে সুপারিশ করছেন সেগুলোকে নির্ধারণ করে। এই সংক্ষিপ্ত ডকুমেন্টটিতে মনোযোগ ছিল টার্মস অব রেফারেন্স নিজেরই, আলোচনার প্রশ্ন 1 সম্পর্কে যে মতামতগুলো পাওয়া গিয়েছে তার উপর। প্রশ্ন 2, 3 এবং 4 এ আমরা যে মতামত শুনেছি তা একবার টার্মস অব রেফারেন্সে চূড়ান্ত করা হয়ে গেলে ব্যারোনেস হ্যালেট কিভাবে তদন্ত পরিচালনা করবেন সেই ব্যাপারে তার চিন্তাভাবনাকে জানাবে।

# পরামর্শ বিশ্লেষণ এবং ফলাফলের সারাংশ

এই বিভাগটি উত্তরদাতাদের দ্বারা টার্মস অব রেফারেন্সের সাথে সম্পর্কিত উত্থাপিত মূল সমস্যাগুলোকে অন্বেষণ করে। আমরা যে প্রমাণ পেয়েছি সেগুলোর বিশ্লেষণের মাধ্যমে এগুলো চিহ্নিত করা হয়েছিল, যা আলমা ইকোনমিক্স দ্বারা স্বাধীনভাবে পরিচালিত হয়েছিল।

কিছু কিছু ক্ষেত্রে, উত্তরদাতারা মহামারী প্রতিক্রিয়ার বিশদ দিকগুলো সম্পর্কে প্রশ্ন উত্থাপন করেছেন যেগুলো ইতিমধ্যেই খসড়া টার্মস অব রেফারেন্সের বিস্তৃত পরিধির আওতায় আনা হয়েছে, এমনকি যদিও সমস্যাগুলোর বিশদকে স্পষ্টভাবে উল্লেখ করা নাও হয়ে থাকে। অন্যান্য ক্ষেত্রে, উত্তরদাতারা এমন সমস্যাগুলো উত্থাপন করেছেন যেগুলোকে খসড়া টার্মস অব রেফারেন্সের আওতায় আনা হয়নি, অথবা যেক্ষেত্রে এগুলোর অন্তর্ভুক্তিকে স্পষ্ট করার জন্য টার্মস অব রেফারেন্সকে সংশোধন করা যেতে পারে।

# প্রশ্ন 1: ইনকোয়েরির খসড়া টার্মস অব রেফারেন্স কী সকল ক্ষেত্রকে আওতায় নিয়ে আসে যেগুলো ইনকোয়েরির আওতাভুক্ত করা উচিৎ বলে আপনি মনে করেন?

## শিশু এবং তরুণদের উপর মহামারীর প্রভাব

আলোচনার সময় সবচেয়ে স্পষ্টভাবে যে বিষয়টির উপর জোর দেওয়া হয়েছিল তা হল ইনকোয়েরির উচিৎ শিশু এবং তরুণদের উপর মহামারীর নির্দিষ্ট প্রভাব বিবেচনা করা। উত্তরদাতারা পরামর্শ দিয়েছিলেন যে শিশুরা প্রাপ্তবয়স্কদের থেকে ভিন্নভাবে প্রভাবিত হয়েছিল, কোভিড-19 সংক্রমণের কারণে তাদের শারীরিক স্বাস্থ্যের প্রতি যথেষ্ট পরিমাণে কম ঝুঁকি থাকলেও, তারা শারীরিক, মানসিক এবং সামাজিক বিকাশের জন্য বেশ দীর্ঘমেয়াদী ঝুঁকিতে রয়েছে।

খসড়া টার্মস অব রেফারেন্সে ইনকোয়েরির 'শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে উপস্থিতির উপর *বিধিনিষেধ' সম্পর্কিত মহামারীর প্রভাব পরীক্ষা করার বিধান অন্তর্ভুক্ত ছিল*। যদিও এটি সেই বিধিনিষেধগুলো থেকে প্রবাহিত হওয়া/আসা সমস্যাগুলোকে তদন্তের অনুমতি দেবে — যেমন বিনামূল্যে স্কুলে খাবারের ব্যবস্থা, ব্রডব্যান্ড এবং ল্যাপটপ অ্যাক্সেস করাতে থাকা বৈষম্যের প্রভাব, অথবা পরীক্ষার কোহোর্টগুলোর উপর প্রভাব — এটিও স্পষ্ট যে ইনকোয়েরিকে শিক্ষার বাইরে গিয়ে আরো বিস্তৃত পরিসরের প্রভাবকে তদন্ত করতে সক্ষম হতে হবে।

আমরা আলোচনা প্রক্রিয়ার মাধ্যমে শিশু এবং তরুণদের প্রভাবিত করে এমন সমস্যাগুলো সম্পর্কে শুনেছি যার মধ্যে রয়েছে:

- **আর্লি ইয়ার প্রতিষ্ঠান সমূহ** — উত্তরদাতারা টার্মস অব রেফেরেন্সকে আরও স্পষ্টভাবে  আর্লি ইয়ার প্রতিষ্ঠান সমূহ ব্যাখ্যা করা অন্তর্ভুক্ত করতে বলেছেন, অল্পবয়সী শিশুদের সামাজিক বিকাশের উপর এই সার্ভিসগুলোর উপর থাকা বিধিনিষেধগুলোর নির্দিষ্ট প্রভাব নিয়ে উদ্বেগ সহ।

- **চাইল্ড প্রোটেকশন, সেফগার্ডিং সার্ভিসসমূহ, এবং চিলড্রেন ইন কেয়ার** — শিশু সুরক্ষা এবং সেফগার্ডিং-এর সমস্যাগুলো সম্পর্কে উদ্বেগ প্রায়শই উত্থাপিত হয়েছিল, দুর্বল শিশুদের দৃশ্যমানতা কমে যাওয়াকে উল্লেখ করা অনেক প্রতিক্রিয়াসহ যখন স্কুল, জিপি এবং শিশু কেন্দ্রের মতো সার্ভিসগুলো কম অথবা বন্ধ ছিল, আর এটি শিশুদের অবহেলা এবং নির্যাতন করার উপর যে প্রভাব ফেলেছিল।

- **মানসিক স্বাস্থ্য এবং সুস্থতা** — উত্তরদাতারা মহামারী চলাকালীন সময়ে তরুণদের মধ্যে উদ্বেগ এবং একাকীত্বের বৃদ্ধি পাওয়াকে বর্ণনা করেছেন এবং সেই চাহিদাগুলো পূরণ করার জন্য চিলড্রেন অ্যান্ড অ্যাডোলোসেন্ট মেন্টাল হেলথ সার্ভিসেসের সক্ষমতা নিয়ে প্রশ্ন তুলেছেন। অনেক প্রতিক্রিয়ায় শারীরিক এবং সামাজিক বিকাশের উপর মহামারীর ক্ষতিকারক প্রভাবও উল্লেখিত হয়েছে, অবসর এবং খেলার জায়গাগুলো বন্ধ করার কথা উল্লেখ করে যেমন খেলার মাঠগুলো একটি কারণ হিসাবে।

- **নিরাপদ আবাসিক এলাকার শিশুরা** — কিছু কিছু উত্তরদাতারা আগ্রহী ছিলেন যে ইনকোয়েরি যেন নিরাপদ চিলড্রেন'স হোমগুলোতে থাকা শিশুদের উপর মহামারীর প্রভাব বিবেচনা করে, যেমনটি মা-বাবার সাথে ব্যক্তিগত যোগাযোগের অভাবের প্রভাব। উত্তরদাতারা আইনি প্রতিষ্ঠানগুলোতে থাকা শিশুদের উপর প্রভাব সংক্রান্ত সমস্যাগুলোও উত্থাপন করেছেন, যেমন তাদের রুমে বর্ধিত সময়ের জন্য বন্দি থাকার, এবং শিক্ষায় সীমিত প্রবেশাধিকারের প্রভাব।

- **শিশু এবং ম্যাটারনিটি সার্ভিস** — শিশুদের উপর মহামারীর প্রভাব প্রায়শই লক্ষ্য করা গেছে, উত্তরদাতারা ইনকোয়ারিকে ব্যক্তিগতভাবে প্রসব-পরবর্তী মিডওয়াইফ এবং হেলথ ভিজিটের উপর বিধিনিষেধের প্রভাব, এবং লকডাউন চলাকালীন সময়ে বাড়ির বাইরে সীমিত যোগাযোগের কারণে শিশুদের সামাজিক এবং শারীরিক বিকাশের উপর প্রভাবকে বিবেচনা করতে বলেছেন। উত্তরদাতারা গর্ভাবস্থায় কঠিন অভিজ্ঞতার মুখোমুখি হওয়া মা-বাবার উপর মানসিক স্বাস্থ্যের প্রভাব সম্পর্কে উদ্বেগ উত্থাপন করেছেন — যেমন স্ক্যান করানোর সময় উপস্থিত থাকা এবং পার্টনারের উপস্থিত থাকা ছাড়াই সন্তানের জন্ম দেওয়া।

আলোচনা চলাকালীন সময়ের অভিভূতকারী মতামতের আলোকে, ব্যারোনেস হ্যালেট সম্মত হন যে খসড়া টার্মস অব রেফারেন্সকে সংশোধন করতে হবে যাতে শিশু এবং তরুণদের উপর প্রভাবকে বিস্তৃতভাবে বিবেচনার জন্য সুস্পষ্টভাবে অনুমতি দেওয়া যায়। তাই **তিনি**

**শর্তাবলী বা রেফারেন্সে অনুসন্ধানের প্রথম লক্ষ্যের মধ্যে বিবেচনায় নিম্নলিখিত নির্দিষ্ট ক্ষেত্রগুলি সন্নিবেশ করার সুপারিশ করেন:**

- ***শিশুদের সোশ্যাল কেয়ার, মানসিক স্বাস্থ্য এবং সুস্থতাসহ, শিশু এবং তরুণদের*** **উপর প্রভাব;**
- ***শিক্ষা এবং আর্লি ইয়ারগুলো সংক্রান্ত বিধান; এবং***
- ***প্রসবপূর্ব এবং প্রসবোত্তর পরিচর্যা।***

বেশ কিছু নির্দিষ্ট রেফারেন্স ছিল, যেগুলো টার্মস অব রেফারেন্সে অন্তর্ভুক্ত করার প্রয়োজন ছিল না (যেমন, নিরাপদ আবাসনের শিশুদের উপর), কারণ প্রস্তাবিত সংযোজনগুলো ইনকোয়েরিকে আলোচনা চলাকালীন সময়কালে উত্থাপিত উদ্বেগের বিষয়গুলোকে সম্পূর্ণরূপে তদন্ত করার ক্ষমতা দেবে৷

## মহামারী চলাকালীন সময়ে স্বাস্থ্য ও পরিচর্যা খাতের ব্যবস্থাপনা

আলোচনার সময়ে স্বাস্থ্য ও পরিচর্যা খাতগুলোর মধ্যে মহামারীর ব্যবস্থাপনার উপর ব্যাপকভাবে জোর দেওয়ার থিম ছিল। '*যুক্তরাজ্য জুড়ে স্বাস্থ্য ও পরিচর্যার খাতের প্রতিক্রিয়া*' সম্পর্কিত উত্থাপিত অনেক সমস্যা ইতিমধ্যেই টার্মস অব রেফারেন্সের বিভাগগুলো দ্বারা কভার করা হবে — যেমন, পিপিই এর বিধান, নন-কোভিড স্বাস্থ্যসেবা প্রদানের উপর প্রভাব, এবং কেয়ার হোমে গৃহীত ব্যবস্থার যথাযথতা সম্পর্কিত উত্থাপিত সমস্যাগুলো।

### কেয়ার হোমগুলোর বাইরে যত্ন প্রদান করা হয়েছে

আলোচনার প্রতিক্রিয়ায় প্রায়শই উল্লেখ করা হয়েছে যে '*অন্যান্য কেয়ার সেটিংগুলোর আওতার মধ্যে যা আছে সেই ব্যাপারে খসড়া টার্মস অব রেফারেন্সে বিভাগের' কেয়ার হোমগুলো* এবং *অন্যান্য কেয়ার সেটিংগুলোর মহামারী ব্যবস্থাপনা*' যথেষ্ট সুনির্দিষ্ট নয়।

উত্তরদাতারা উল্লেখ করেছেন যে বিপুল পরিমাণ পরিচর্যা অবৈতনিক পারিবারিক সদস্য, বন্ধুবান্ধব অথবা প্রতিবেশীদের দ্বারা সরবরাহ করা হয় যারা এমন একজন দুর্বল ব্যক্তিকে সহায়তা প্রদান করেছেন যিনি সহায়তা ছাড়া চলতে পারেন না। শোকাহত পরিবারগুলোর সাথে করা মিটিংগুলোতে এই পয়েন্টটি বিশেষভাবে জোর দিয়ে করা হয়েছিল। 2011 সালের আদমশুমারিতে যুক্তরাজ্যে 6.5 মিলিয়ন অবৈতনিক কেয়ারার ছিল, কিন্তু সেই সংখ্যাটি তখন থেকে এবং বিশেষ করে মহামারী চলাকালীন সময়ে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে বলে মনে করা হয়। উত্তরদাতারা ইনকোয়েরিকে অবৈতনিক কেয়ারারদের উপর মহামারীটি কী প্রভাব ফেলেছে সেই ব্যাপারে অনুসন্ধান করার জন্য বলেছেন, সেইসাথে পিপিই-তে তাদের অ্যাক্সেস থাকার মতো সমস্যার ব্যাপারেও।

ব্যারোনেস হ্যালেট **সম্মত হন যে সেখানে আরো সুনির্দিষ্ট রেফারেন্স থাকবে, আর তাই টার্মস অব রেফারেন্সের প্রথম লক্ষ্যে যোগ করার সুপারিশ করা হয়েছে:**

- ***অবৈতনিক কেয়ারারদের দ্বারা প্রদান করা সহ, বাড়িতে পরিচর্যা;***

আলোচনার অন্যান্য উত্তরদাতারা উল্লেখ করেছিলেন যে তারা মনে করেন যে '*অন্যান্য কেয়ার সেটিংগুলোতে* আবাসিক কেয়ার হোমগুলোর বাইরের অন্যান্য কেয়ার সার্ভিসগুলো অন্তর্ভুক্ত রয়েছে কিনা এটি স্পষ্ট নয় — যেমন, সহায়তা নিয়ে জীবনযাপন করার সার্ভিস, কমিউনিটি-ভিত্তিক সার্ভিসগুলো এবং অবকাশকালীন পরিচর্যা। উত্তরদাতারা অনুভব করেছিলেন যে খসড়া শব্দের মধ্যে সুস্পষ্টভাবে বয়স্ক ব্যক্তিদের দেওয়া কেয়ার সার্ভিসগুলো অন্তর্ভুক্ত ছিল কিন্তু কর্মক্ষম-বয়সী ঝুঁকিপূর্ণ ব্যক্তিদের প্রদান করা হয় এমন অনুপস্থিত পরিচর্যার সার্ভিসগুলোর ক্ষেত্রে ঝুঁকি নিয়েছে।

'অন্যান্য কেয়ার সেটিংগুলোর' রেফারেন্সটি রেসিডেন্সিয়াল কেয়ার হোম ছাড়াও যেকোনো পরিবেশে পরীক্ষা করার অনুমতি দেওয়ার জন্য যথেষ্ট বিস্তৃত হওয়ার উদ্দেশ্যে করা হয়েছে। প্রতিটি সম্ভাব্য পরিচর্যার সেটিংকে তালিকাভুক্ত করার চেষ্টা করাতে একটি সেটিং বাদ দেওয়ার ঝুঁকি থাকবে যা ইনকোয়েরি পরে পরীক্ষা করতে সিদ্ধান্ত নিতে পারে, কিন্তু এটি তালিকাভুক্ত না করার কারণে সক্ষম হবে না। ব্যারোনেস হ্যালেট **তাই পরামর্শ দেন না যে '*অন্যান্য কেয়ার সেটিংস*-এর রেফারেন্স পরিবর্তন করা হয়েছে।**

আলোচনার সময় আমরা লোকজনদের তাদের নিজের বাড়িতে দেওয়া প্যালিয়েটিভ কেয়ার ব্যবস্থা সম্পর্কেও উদ্বেগ শুনেছি। উত্তরদাতারা মহামারী চলাকালীন সময়ে ব্যক্তিগত বাড়িতে মৃত্যু উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাওয়াকে উল্লেখ করেছেন এবং উদ্বেগ উত্থাপন করেছেন যে লকডাউন চলাকালীন সময়ে অনেক সার্ভিস স্থগিত করার অর্থ হল পর্যাপ্ত ব্যথার ব্যবস্থাপনা অথবা ব্যক্তিগত পরিচর্যা ছাড়াই কিছু কিছু লোক মারা গেছেন।

বাড়িতে অতিরিক্ত মৃত্যুর তদন্ত খসড়া টার্মস অব রেফারেন্সের পরিধির অধীনে অন্তর্ভুক্ত করা হয়েছে, যা '*অ-কোভিড সম্পর্কিত শর্তাবলী এবং চাহিদাগুলোর বিধানের উপর মহামারীর ফলাফলগুলোকে* বিবেচনা করার মধ্যে। ব্যারোনেস হ্যালেট **সেই সমস্যাটিকে প্রতিফলিত করার জন্য টার্মস অব রেফারেন্সকে সংশোধন করার সুপারিশ করেন না।**

### NHS 111 এবং 999 সার্ভিসগুলোর সাড়া

আলোচনার সময় আমরা উদ্বেগগুলো সম্পর্কে শুনেছি, বিশেষ করে শোকাহত লোকদের কাছ থেকে, NHS 111 সার্ভিসটি যে পরিমাণ কল গ্রহণ করছিল তাতে সাড়া দেওয়ার সামর্থ্য, এবং টেলিফোন এবং অনলাইন 111 সার্ভিস উভয়ের মাধ্যমে প্রদত্ত ডায়াগনস্টিক পরামর্শের উপযুক্ততা সম্পর্কে।

উত্তরদাতারা জরুরী অ্যাম্বুলেন্স সার্ভিসগুলো পাওয়ার জন্য প্রতিক্রিয়া সময়, এবং অ্যাম্বুলেন্স সার্ভিসগুলোও কোভিডের উপসর্গ রয়েছে এমন কাউকে হাসপাতালে ভর্তি করবে কিনা সেই ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার প্রক্রিয়ায় স্পষ্ট অসঙ্গতি নিয়েও উদ্বেগ উল্লেখ করেছেন।

ব্যারোনেস হ্যালেট **সম্মত হন যে এই সমস্যাগুলো টার্মস অব রেফারেন্সে প্রতিফলিত হতে হবে, এবং প্রথম লক্ষ্যের মধ্যে নিম্নলিখিত টেক্সট যোগ করার সুপারিশ করেন:**

- ***অফিসিয়াল হেলথকেয়ার অ্যাডভাইস সার্ভিসগুলোর সাথে প্রাথমিক যোগাযোগ যেমন 111 এবং 999***

### প্রাইমারি কেয়ার সেটিংগুলো

অনেক উত্তরদাতা উল্লেখ করেছেন যে প্রাইমারি কেয়ার সেটিংগুলো অন্তর্ভুক্ত কিনা তা খসড়া টার্মস অব রেফারেন্সে অস্পষ্ট ছিল — যেমন জেনারেল প্র্যাকটিস, কমিউনিটি ফার্মেসি, ডেন্টিস্ট্রি এবং অপটোমেট্রি — ইনকোয়েরির স্কোপের মধ্যে অন্তর্ভুক্ত ছিল। যদিও তিনি এগুলোকে 'যুক্তরাজ্য জুড়ে স্বাস্থ্য ও পরিচর্যা খাতের প্রতিক্রিয়া, এতে অন্তর্ভুক্ত রয়েছে…' *শিরোনামের অধীনে অন্তর্ভুক্ত করাকে বিবেচনা করি,* তথাপি ব্যারোনেস হ্যালেট**একমত হন যে এটি আরো স্পষ্টভাবে উল্লেখ করা থেকে উপকৃত হবে এবং সেই বিভাগে যোগ করার সুপারিশ করেন:**

- ***প্রাইমারি কেয়ার সেটিংগুলোর ভূমিকা যেমন জেনারেল প্র্যাকটিস;***

### সোশ্যাল কেয়ার খাতে কর্মচারিবর্গের পরীক্ষা

হেলথকেয়ার খাতের খসড়া টার্মস অব রেফারেন্সের মধ্যে ওয়ার্কফোর্স পরীক্ষার বিবেচনার বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে, তবে এটি পরিচর্যা খাতের রেফারেন্সের সাথে অন্তর্ভুক্ত করা হয়নি। **ধারাবাহিকতা নিশ্চিত করতে, ব্যারোনেস হ্যালেট যে টেক্সট সংশোধন করার পরামর্শ দেন তা হল:**

> ***'সংক্রমণ প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ, বাসিন্দাদের এক হোম থেকে অন্য হোমে স্থানান্তর, বাসিন্দাদের চিকিৎসা এবং পরিচর্যা, ভিজিট করায় বিধিনিষেধ, ওয়ার্কফোর্সের পরীক্ষা এবং পরিদর্শনে পরিবর্তনসহ, কেয়ার হোম এবং অন্যান্য পরিচর্যার পরিবেশে মহামারী ব্যবস্থাপনা;'***

## সরকারের যোগাযোগ করার কৌশল এবং মিডিয়ার ভূমিকা

আলোচনার প্রতিক্রিয়া থেকে পাওয়া একটি মূল থিম ছিল মহামারী চলাকালীন সময়ে সরকার যেভাবে জনগণের সাথে যোগাযোগ করেছিল, এবং তথ্য এবং ভুল তথ্য উভয়ই ছড়িয়ে দিতে সোশ্যাল মিডিয়াসহ, মিডিয়া যে ভূমিকা রেখেছিল।

### সরকারি বার্তা নিয়ে যোগাযোগ করা

আলোচনার প্রতিক্রিয়াগুলো যেভাবে সরকারী সিদ্ধান্তগুলো জনসাধারণের কাছে জানানো হয়েছিল তা নিয়ে প্রশ্ন তুলেছেন। যেভাবে পরিসংখ্যান এবং ডেটা সরকারী সিদ্ধান্তকে ব্যাখ্যা করার জন্য সরকারী ব্রিফিং-এর মধ্যে ব্যবহার করা হয়েছিল, এবং যেভাবে কার্যকরভাবে বৈজ্ঞানিক অনিশ্চয়তা এবং ঝুঁকির দিকগুলোকে জনসাধারণের কাছে জানানো হয়েছিল উত্তরদাতারা সেই ব্যাপারে ইনকোয়েরিকে বিবেচনা করতে বলেছেন।

অনেক উত্তরদাতা ইনকোয়েরিকে সরকারের আচরণগত বিজ্ঞানের ব্যবহার এবং তার পাবলিক মেসেজিংয়ের মধ্যে 'আস্তে ধাক্কা দেওয়ার' কৌশল, এই ধারণার ভিত্তিতে যে ভয়ের উপর ভিত্তি করে যোগাযোগ করার পদ্ধতির কারণে জনসংখ্যার মানসিক স্বাস্থ্যের উপর নেতিবাচক প্রভাব পরেছিল, সেটিও বিবেচনা করাতে চেয়েছিলেন। এছাড়াও ভুল তথ্য এবং ষড়যন্ত্রের প্রতিক্রিয়াগুলোর ব্যাপারেও অসংখ্য উল্লেখ ছিল।

এগুলো হল সেই সকল সমস্যা যেগুলোকে আমরা বিবেচনা করেছি যা টার্মস অব রেফারেন্সের আওতায় আনা হয়েছে, *'কিভাবে সিদ্ধান্ত নেওয়া, যোগাযোগ করা এবং বাস্তবায়িত হয়েছিল* শিরোনামের অধীনে। ব্যারোনেস হ্যালেট **সেই সমস্যাগুলোকে প্রতিফলিত করার জন্য টার্মস অব রেফারেন্সকে সংশোধন করার সুপারিশ করেন না।**

ইনকোয়েরির সাথে শেয়ার করা অনেক প্রতিক্রিয়া টিকাদান প্রকল্পের উপর দৃষ্টি নিবদ্ধ করে। ইনকোয়েরির টিকাদান প্রকল্পকে বিবেচনা করার ক্ষেত্রে, বিরূপ প্রতিক্রিয়া এবং পার্শ্ব-প্রতিক্রিয়ার পাশাপাশি এই ধরনের ক্ষেত্রে ক্ষতিপূরণ ব্যবস্থার পর্যাপ্ততাসহ, আমরা টিকা প্রদানের সকল ইতিবাচক দিকগুলোকে বিবেচনা করব।

ব্যারোনেস হ্যালেট **প্রতিফলিত করার জন্য টার্মস অব রেফারেন্সকে সংশোধন করে টিকার প্রভাবকে বিবেচনায় নিয়ে প্রতিফলিত করার পরামর্শ দেন:**

- ***থেরাপিউটিকস এবং টিকার উন্নয়ন, বিতরণ এবং প্রভাব;***

## সরকারের মহামারী বিষয়ক প্রতিক্রিয়া জানাতে বিশেষজ্ঞ, উপদেষ্টা, বিজ্ঞান এবং ডেটার ভূমিকা

আলোচনা থেকে পাওয়া একটি উল্লেখযোগ্য থিম ছিল সরকারের সিদ্ধান্ত গ্রহণে বিশেষজ্ঞ ও উপদেষ্টাদের ভূমিকা, এবং ব্যবহৃত ডেটা এবং বৈজ্ঞানিক প্রমাণের বলিষ্ঠতা। উত্তরদাতারা

বিশেষ করে সায়েন্টিফিক অ্যাডভাইজরি গ্রুপ ফর ইমার্জেন্সি (এসএজিই) এবং এর সাবগ্রুপগুলো, যেমন সায়েন্টিফিক প্যান্ডেমিক ইনফ্লুয়েঞ্জা গ্রুপ অন মডেলিং (এসপিআই-এম) এর ভূমিকাকে উল্লেখ করেছেন, যে ধরণের সমস্যাগুলো উত্থাপন করেছেন তা হল:

- কিভাবে সদস্যদের দক্ষতা এবং ডেমোগ্রাফিক বিস্তৃতিসহ, বিশেষজ্ঞ এবং উপদেষ্টা নির্বাচন করা হয়েছিল।
- অবহিতকরণ ব্যবস্থায় বৈজ্ঞানিক প্রমাণের বলিষ্ঠতা যেমন 'টু মিটার রুল' এবং 'রুল অফ সিক্স'।
- এসএজিই এবং এর সাবগ্রুপগুলো দ্বারা প্রদত্ত পরামর্শ কত ঘন ঘন উপেক্ষা করা হয়েছিল।

উত্তরদাতারা মহামারীতে গবেষণার কমিউনিটির গুরুত্বও উল্লেখ করেছেন, এবং বিশেষ করে প্রতিক্রিয়ার প্রাথমিক পর্যায়ে।

যখন তিনি বিবেচনা করেন যে এই থিমগুলো হল এমন সমস্যাগুলোর জন্য যা বিদ্যমান টার্মস অব রেফারেন্সে অন্তর্ভুক্ত করার উদ্দেশ্যে ছিল, এর সাথে সাথে ব্যারোনেস হ্যালেট **পড়ার জন্য টার্মস অব রেফারেন্সের ভাষাকে শক্তিশালী করার প্রস্তাব করেন:**

- ***তথ্য, গবেষণা এবং বিশেষজ্ঞ প্রমাণের প্রাপ্যতা এবং ব্যবহার***

**স্বচ্ছতা এবং রেকর্ড রাখা**

পরামর্শ প্রক্রিয়া চলাকালীন সময়ে আমরা সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্তগুলো কিভাবে রেকর্ড করা হচ্ছে সেই সম্পর্কে উদ্বেগ শুনেছি, ব্যক্তিগত ইমেইল অ্যাকাউন্ট এবং হোয়াটসঅ্যাপ টেক্সটের মাধ্যমে মন্ত্রী পর্যায়ের সিদ্ধান্তগুলো নেওয়া হচ্ছে, এবং সরকারী বিভাগীয় রেকর্ডে নথিভুক্ত করা হচ্ছে না এমন উদ্বেগগুলোকে তদন্ত করার জন্য উত্তরদাতারা ইনকোয়েরিকে বলেছেন।

খসড়া টার্মস অব রেফারেন্স '*কিভাবে সিদ্ধান্ত নেওয়া, যোগাযোগ করা এবং বাস্তবায়িত হয়েছে* কে অন্তর্ভুক্ত করেছে। ব্যারোনেস হ্যালেট **সম্মত হন যে টেক্সট সংশোধন করে এটি কার্যকরভাবে সুস্পষ্ট করা যেতে পারে:**

- ***কিভাবে সিদ্ধান্ত নেওয়া, যোগাযোগ করা, রেকর্ড করা হয়েছিল এবং বাস্তবায়িত হয়েছিল***

## মহামারীর প্রভাব এবং মানসিক স্বাস্থ্য ও সুস্থতার উপর এর প্রভাব

মহামারী মানসিক স্বাস্থ্যের উপর যে প্রভাব ফেলেছে সেই ব্যাপারে আলোচনা প্রক্রিয়ার মাধ্যমে আমরা ব্যাপকভাবে শুনেছি। আলোচনার মাধ্যমে উল্লেখ করা অন্তর্ভুক্ত কিছু কিছু সমস্যা:

- **সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে মানসিক স্বাস্থ্য সম্পর্কিত বিবেচনাসমূহ** — যেমন, নতুন বিধিনিষেধ প্রবর্তনের সময় মানসিক স্বাস্থ্যের উপর যে মাত্রার প্রভাবকে বিবেচনা করা হয়েছিল, এবং বিধিনিষেধ চালু হওয়ার আগেই মানসিক স্বাস্থ্যকে সাপোর্ট করার জন্য যে মাত্রার বিধান তৈরি করা হয়েছিল।

- **মহামারী চলাকালীন মানসিক স্বাস্থ্য সম্পর্কিত সমস্যার বৃদ্ধি** — যেমন, মহামারী চলাকালীন সময়ে উদ্বেগ এবং একাকীত্বের মাত্রাকে বোঝা, এবং গ্রুপগুলো বিশেষ করে যে প্রভাবের মুখোমুখি যেমন বয়স্ক, ডিজেবল, এবং কেয়ার-গিভাররা।

- **পুনরুদ্ধার পরিকল্পনাগুলোতে মানসিক স্বাস্থ্য সম্পর্কিত সার্ভিসগুলোর বিধান** — যেমন, মানসিক স্বাস্থ্য সম্পর্কিত সার্ভিসগুলোর চাহিদার ক্ষেত্রে থাকা ব্যাকলগগুলোকে নিয়ে কাজ করার পরিকল্পনাগুলোকে বোঝা।

খসড়া টার্মস অব রেফারেন্সে সাধারণভাবে মানসিক স্বাস্থ্য সম্পর্কিত একটি সুস্পষ্ট রেফারেন্স অন্তর্ভুক্ত ছিল না, এবং যদিও মানসিক স্বাস্থ্য সম্পর্কিত সার্ভিসগুলোর বিধানকে '*অ-কোভিড সংক্রান্ত শর্তাবলী এবং চাহিদাগুলোর বিধানের উপর মহামারীর পরিণতিগুলোর* মধ্যে বিবেচনা করা হয়েছিল, এবং মানসিক স্বাস্থ্যের সমস্যাটি সুনির্দিষ্ট শ্রেণীর মানুষের প্রেক্ষাপটে আমলে নেওয়া হত, এটি মহামারীর বৃহত্তর মানসিক স্বাস্থ্যকে বিবেচনার তদন্তের জন্য স্পষ্টভাবে অনুমতি দিত না যা সরাসরি সার্ভিসগুলোর বিধানের সাথে সম্পর্কিত নয়।

**ব্যারোনেস হ্যালেট একমত যে টার্মস অব রেফারেন্সকে বিশেষ করে মহামারীর মানসিক স্বাস্থ্য সম্পর্কিত প্রভাবকে সাধারণভাবে বিবেচনার জন্য একটি রেফারেন্স অন্তর্ভুক্ত করতে হবে, এবং তাই সেগুলোকে অন্তর্ভুক্ত করার জন্য সংশোধন করার সুপারিশ করেন:**

- ***জনগণের মানসিক স্বাস্থ্যের উপর প্রভাব, এতে অন্তর্ভুক্ত রয়েছে যারা মহামারীর দ্বারা উল্লেখযোগ্যভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে তারাও কিন্তু এতেই সীমাবদ্ধ নয়;***

## মহামারীর অর্থনৈতিক ব্যয় ও এর প্রতিক্রিয়া এবং লকডাউন ও অন্যান্য বন্ধের সিদ্ধান্তে কস্ট-বেনিফিট বিশ্লেষণের ভূমিকা

আলোচনার সময় উত্থাপিত চূড়ান্ত মূল থিমটি ছিল মহামারীর অর্থনৈতিক প্রভাব, অর্থনীতির বিশেষ খাতগুলোর উপর প্রভাব, এবং মহামারী প্রতিক্রিয়াকালে প্রবর্তিত নীতি এবং বিধিনিষেধের কস্ট ও বেনিফিটের বিশ্লেষণ উভয়টির পরিপ্রেক্ষিতে।

**খাত-ভিত্তিক বিশ্লেষণ**

আলোচনা প্রক্রিয়া জুড়ে আমরা অর্থনীতির বিভিন্ন খাতের প্রতিনিধিত্বকারী বিস্তৃত গ্রুপগুলোর পাশাপাশি সেই খাতের শ্রমিকদের প্রতিনিধিত্বকারী ট্রেড ইউনিয়নগুলোর কাছ থেকেও শুনেছি। উত্তরদাতাদের মধ্যে, অনেকেই তাদের খাতে মহামারীর প্রভাবের 'ডিপ ডাইভ' বিশ্লেষণ করতে, এবং কিভাবে খাতের পুনরুদ্ধারকে সর্বোত্তমভাবে সহায়তা করা যেতে পারে তা চিহ্নিত করার জন্য ইনকোয়েরিকে বলেছিলেন।

যেমন, আতিথেয়তা ক্ষেত্রের উত্তরদাতারা বলেছেন যে ইনকোয়ারি যেন তাদের ক্ষেত্রকে বিশেষ করে প্রভাবকারী পদক্ষেপগুলোর প্রভাবকে বিবেচনা করে, যেমন 'পর্যাপ্ত খাবার' নিয়ম, এবং টিকাদান স্ট্যাটাস অথবা ল্যাটেরাল ফ্লো প্রবাহ পরীক্ষার ফলাফলের প্রমাণের ভিত্তিতে ভেন্যুতে প্রবেশের মতো বিষয়গুলো। একইভাবে, ভ্রমণ ও পর্যটন খাতের উত্তরদাতারা আগ্রহী ছিলেন যে ইনকোয়েরি যেন মহামারীর বিভিন্ন পর্যায়ে আন্তর্জাতিক ভ্রমণের উপর বিধিনিষেধের প্রভাবকে তদন্ত করে। আমরা তথাকথিত 'গিগ ইকোনমি' এর স্টাফদের অভিজ্ঞতা সম্পর্কেও উদ্বেগ শুনেছি — যেমন, ক্লিনার, পার্সেল কুরিয়ার এবং ফুড টেকওয়ে ডেলিভারি ড্রাইভারগণ — উত্তরদাতারা উল্লেখ করেন যে সিক পের অভাব সহ, তাদের কর্মসংস্থানের অনিশ্চিত এবং কম বেতনের প্রকৃতি, প্রায়শই এটি বোঝায় কোভিড উপসর্গের সম্মুখীন স্টাফরা সেলফ-আইসোলেট থাকার সামর্থ্য রাখেন না। স্ব-নিয়োজিতদের উপর মহামারীর প্রভাবও উত্থাপিত হয়েছিল, বিশেষ করে যে পরিমাণে তাদেরকে আর্থিক সহায়তা দেওয়া হয় সেই সম্পর্কে।

সব সেক্টর জুড়ে আমরা ব্যবসার জন্য জারি করা নির্দেশিকাগুলোর সময়োপযোগীতা এবং উপযুক্ততা, এবং যুক্তরাজ্য সরকার, ডিভলভড অ্যাডমিনিস্ট্রেশন এবং স্বতন্ত্র লোকাল অথোরিটির মধ্যে নির্দেশনার তারতম্যের কারণে সৃষ্ট অসুবিধাগুলো নিয়ে উদ্বেগ শুনেছি।

ইনকোয়েরি এই সমস্যাগুলো পরীক্ষা করতে চায়, বিভিন্ন ক্ষেত্রের অভিজ্ঞতা সেইসাথে '*মহামারীর ব্যাপারে অর্থনৈতিক প্রতিক্রিয়া* শিরোনামের অধীনে বিস্তৃত অর্থনৈতিক হস্তক্ষেপের কার্যকারিতা। এটি *'মহামারী চলাকালীন সময়ে, হেলথ ও কেয়ার ক্ষেত্রের কর্মীদের এবং অন্যান্য কি কর্মীদের অভিজ্ঞতা এবং তাদের উপর প্রভাব' বিবেচনার মাধ্যমে বিভিন্ন ক্ষেত্রের কর্মীদের অভিজ্ঞতাও বিবেচনা করব।* এই বিষয়ে অনেক আন্তরিক প্রতিক্রিয়া জানাবে যেভাবে মহামারীর অর্থনৈতিক প্রভাবের তদন্তকে আমরা ডিজাইন এবং এক্সিকিউট করি।

যদিও ব্যারোনেস হ্যালেট বিশ্বাস করেন যে বর্তমান রেফারেন্সগুলো এই সমস্যাগুলোকে তদন্তের অনুমতি দেবে, তথাপি তিনি সম্মত হন যে বৃহত্তর স্পষ্টতার প্রয়োজন রয়েছে এবং তিনি ভ্রমণ এবং **পর্যটনকে নিশ্চিত করতে টার্মস অব রেফারেন্সে দুইটি সংযোজনের সুপারিশ করেন, এবং স্ব-নিযুক্ত ব্যক্তিদের, বিশেষভাবে বিবেচনা করা হয়:**

- আতিথেয়তা, খুচরা, খেলাধুলা এবং অবসর এবং ভ্রমণ এবং পর্যটন খাত, উপাসনার স্থানগুলি এবং সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলো বন্ধ করা এবং পুনরায় খোলা;
- ***করোনাভাইরাস জব রিটেনশন স্কিম, সেলফ-এমপ্লয়মেন্ট ইনকাম সাপোর্ট স্কিম, লোন স্কিম, ব্যবসায়িক হারে ছাড় দেওয়া এবং অনুদানসহ, ব্যবসা, চাকরি এবং স্ব-নিযুক্তদের জন্য সহায়তা;***

### সিদ্ধান্ত গ্রহণে কস্ট-বেনিফিট বিশ্লেষণের ভূমিকা

অনেক উত্তরদাতা প্রশ্ন করেছেন সরকার মহামারীর প্রতিটি পর্যায়ে প্রবর্তিত ব্যবস্থার সাথে সম্পর্কিত কস্ট এবং বেনিফিটগুলো সম্পূর্ণরূপে মডেল করেছে কিনা, যা সাধারণত নতুন সরকারী নীতিগুলো বিবেচনা করার সময় হয়ে থাকে।

যদিও এটি মূলত লকডাউনের মতো অ-ফার্মাসিউটিক্যাল হস্তক্ষেপগুলো প্রবর্তনের ক্ষেত্রে উত্থাপিত হয়েছিল, উত্তরদাতারা আরো প্রশ্ন করেছিলেন যে অর্থনৈতিক ব্যবস্থাগুলোর ক্ষেত্রেও একই রকম বিশ্লেষণ করা হয়েছিল কিনা যেমন করোনাভাইরাস জব রিটেনশন স্কিম ('ফার্লো' স্কিম) এবং 'ইট আউট টু হেল্প আউট' ক্যাম্পেইন।

এই সমস্যাগুলোকে আমাদের তদন্তগুলোতে বিবেচনা করা হবে, এবং *'কিভাবে সিদ্ধান্ত নেওয়া, যোগাযোগ করা এবং বাস্তবায়িত হয়েছিল'* শিরোনামের অধীনে এটিকে টার্মস অব রেফারেন্সের মধ্যে নিয়ে আসা হয়েছে।

## আলোচনার সময় উত্থাপিত অন্যান্য সমস্যাসমূহ

আলোচনার প্রতিক্রিয়াগুলোর আলমা ইকোনমিক্স বিশ্লেষণে চিহ্নিত মূল থিমগুলো ছাড়াও, আরো বেশ কিছু সংখ্যক সমস্যা উত্থাপিত হয় সেগুলো খসড়া টার্ম অব রেফারেন্সে যেভাবে প্রতিফলিত হয় যা বিবেচনার যোগ্যতা রাখে।

### বৈষম্য

অনেক উত্তরদাতা পরামর্শ দিয়েছেন যে টার্ম অব রেফারেন্সে জাতি, ডিজেবিলিটি এবং লিঙ্গ সম্পর্কিত সমস্যাগুলোকে বিশেষভাবে তুলে ধরতে হবে, সুরক্ষিত বৈশিষ্ট্য সম্পর্কিত বর্তমান শব্দায়নের পাশাপাশি, সেই গ্রুপগুলোকে প্রভাবিত করে এমন মূল সমস্যাগুলো যাতে বাদ না পড়ে তা নিশ্চিত করতে। উদ্বেগগুলোতে আরো উত্থাপিত হয়েছিল যে সুরক্ষিত

বৈশিষ্ট্যগুলোর সাথে সম্পর্কিত বর্তমান শব্দায়ন টার্মস অব রেফারেন্সের শেষের দিকে প্রদর্শিত হয়, ধরে নেওয়া হয় এই ধারণাটি হচ্ছে একটি পরবর্তী-চিন্তা।

উত্তরদাতারা আরো উল্লেখ করেছেন যে শুধুমাত্র সুরক্ষিত বৈশিষ্ট্যগুলো উল্লেখ করে, ইনকোয়েরির সেই সব বৈষম্য বিবেচনা করতে ব্যর্থ হওয়ার ঝুঁকি থাকবে যেগুলো যেগুলো আইনে সুরক্ষিত বৈশিষ্ট্য নয়, কিন্তু তা সত্ত্বেও সেগুলো কিভাবে বিভিন্ন গোষ্ঠী মহামারী দ্বারা প্রভাবিত হয়েছিল তার গুরুত্বপূর্ণ নিয়ামক বলে মনে করা হয় — যেমন, আয় এবং আবাসনের গুণমান।

ব্যারোনেস হ্যালেট **তাই সুরক্ষিত বৈশিষ্ট্য সম্পর্কিত শব্দায়নকে সংশোধন করার সুপারিশ করেন যেন এটিকে ইনকোয়েরির একটি বৃহত্তর লক্ষ্য হিসেবে গড়ে তোলা যায়, এবং বিশেষভাবে সুরক্ষিত বৈশিষ্ট্যের বাইরে এর ফোকাস প্রসারিত করা যায়:**

- ***এর কাজ সম্পাদন করতে গিয়ে, ইনকোয়েরি বিভিন্ন শ্রেণীর মানুষের উপর মহামারীর প্রভাবে হওয়া দৃশ্যমান যেকোনো বৈষম্যকে বিবেচনা করবে, ইকুয়ালিটি অ্যাক্ট 2010 এর অধীনে সুরক্ষিত বৈশিষ্ট্য এবং নর্দার্ন আয়ারল্যান্ড অ্যাক্ট 1998 এর অধীনে সমতা বিভাগসহ, কিন্তু এতে সীমাবদ্ধ নয়।***

তিনি আরো প্রস্তাব করেন যে এটির গুরুত্বকে তুলে ধরার জন্য এটির টার্মস অব রেফারেন্সের ভূমিকা বিভাগে আসা উচিত। আমরা বৈষম্য সংক্রান্ত সমস্যাগুলো পরীক্ষা করব যেগুলো আমাদের কাজে উদ্‌ভূত হয়, এবং বিবেচনা করব কোথায় একাধিক বৈষম্যের সম্মুখীন ব্যক্তিদের জন্য প্রভাবটি আরো বেশি।

আমরা আরো নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ যে আমরা এমনভাবে আমাদের কাজ সম্পন্ন করব যা সুবিধাবঞ্চিত এবং কম প্রতিনিধিত্ব করা গোষ্ঠীগুলোর কাছে অ্যাক্সেসযোগ্য। খসড়া টার্মস অব রেফারেন্সের অ্যাক্সেসযোগ্যতা এবং পরামর্শের উপকরণগুলো যা আমরা আমাদের ওয়েবসাইটে প্রকাশ করেছি সেই সম্পর্কে আমরা প্রতিক্রিয়া পেয়েছি, এবং ইনকোয়েরি একবার আনুষ্ঠানিকভাবে শুরু হয়ে গেলে আমরা যেভাবে যোগাযোগ করছি তাতে পরিবর্তন আনব। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে ইনকোয়েরি রিপোর্ট এবং অন্যান্য মূল নথিগুলোকে অন্যান্য সাধারণভাবে কথ্য ভাষায় অনুবাদ করা এবং সেগুলোকে একাধিক অ্যাক্সেসযোগ্য ফরম্যাটে উপলব্ধ করা।

## মানবাধিকার এবং নাগরিক স্বাধীনতা

আলোচনা প্রক্রিয়ার একটি থিম ছিল মানবাধিকার এবং নাগরিক স্বাধীনতার উপর মহামারীর প্রভাব। উত্তরদাতারা বিস্তৃত পরিসরের সমস্যা উত্থাপন করেছেন যেগুলো উপর ইউরোপিয়ান কনভেনশন অন হিউম্যান রাইটসের অধীনে সুরক্ষিত অধিকারগুলোর উপর প্রভাব ফেলে বলে মনে করা হয়েছিল, যার মধ্যে রয়েছে:

- সরকারের প্রারম্ভিক মহামারী প্রতিক্রিয়া জীবন রক্ষার জন্য যথাযথ প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য রাষ্ট্রের উপর আর্টিকেল 2 কর্তব্যের সাথে সামঞ্জস্যপূর্ণ ছিল কিনা;

- কিছু কিছু ক্ষেত্রে টিকা নেওয়ার বাধ্যবাধকতা, এবং আন্তর্জাতিক ভ্রমণ অ্যাক্সেসের জন্য ভ্যাকসিন সার্টিফিকেশনের প্রয়োজনীয়তা।

- ধর্ম পালনের স্বাধীনতার অধিকারের সাথে উপাসনালয় বন্ধ করার ইন্টারঅ্যাকশন;

- সমাবেশের স্বাধীনতার উপর কোভিড-সম্পর্কিত বিধিনিষেধ প্রয়োগের প্রভাব, বিশেষ করে বিক্ষোভের ক্ষেত্রে;

- বাক স্বাধীনতা, বিশেষ করে সোশ্যাল মিডিয়ায় ফ্ল্যাগিং এবং বিষয়বস্তু অপসারণের ক্ষেত্রে, এবং বিজ্ঞানীদের অনুভূত দমন যিনি কোভিড-সম্পর্কিত বিধিনিষেধের প্রচলিত দৃষ্টিভঙ্গিকে চ্যালেঞ্জ করেছে।

এই প্রতিক্রিয়াগুলোর অনেকগুলোই জিজ্ঞেস করেছিল যে ইনকোয়েরিটি এটির তদন্তগুলোতে একটি সুনির্দিষ্ট মানবাধিকার মনোযোগ প্রয়োগ করে কিনা৷

ব্যারোনেস হ্যালেট উদ্বেগগুলো বোঝেন কিন্তু বিশ্বাস করেন না যে এই সমস্যার জন্য টার্মস অব রেফারেন্সের আর কোনো সংশোধনের প্রয়োজন রয়েছে। যেকোনো প্রাসঙ্গিক এবং প্রযোজ্য মানবাধিকারের সুযোগ এবং প্রভাব সম্পূর্ণরূপে অন্বেষণ করা হবে কেননা সেগুলো আমাদের কাজের মধ্যে উদ্‌ভূত হয়, এই সমস্যা সংক্রান্ত উদ্বেগের ওজনকে বিবেচনায় নিয়ে, তিনি এই সিদ্ধান্তে পৌঁছেছেন যে, আমাদের কাজ চালিয়ে নেবার জন্য, আমরা অংশগ্রহণ, জবাবদিহিতা, বৈষম্যহীন, ক্ষমতায়ন এবং বৈধতার 'পিএএনইএল' নীতিগুলো গ্রহণ করব, যেমনটি ইনকোয়েরির নকশা নির্দেশ করতে মানবাধিকার তদন্তে ব্যবহৃত হয়।

## লং কোভিড

কনসাল্টেশন প্রতিক্রিয়াগুলো উদ্বেগ প্রকাশ করেছে যে লং কোভিড (কখনও কখনও পোস্ট-কোভিড লক্ষণ বলা হয়) ইনকোয়েরির তদন্তের মধ্যে পর্যাপ্তভাবে বিবেচনা করা হবে না।

খসড়া টার্মস অব রেফারেন্স স্বাস্থ্যসেবা ক্ষেত্রের '*যারা লং কোভিড-এর সম্মুখীন হচ্ছে তাদের জন্য বিধানকে* আওতায় আনে। টার্ম অফ রেফারেন্সের অন্যান্য অংশের অধীনে লং কোভিডের সাথে সম্পর্কিত ঝুঁকিগুলোকে কতটা বিবেচনা করা হয়েছিল আমরা তাও তদন্ত করব — যেমন, '*কিভাবে সিদ্ধান্ত নেওয়া, যোগাযোগ করা এবং বাস্তবায়িত হয়েছিল*

বিবেচনার মধ্যে লকডাউন ব্যবস্থাগুলো বাস্তবায়নের সিদ্ধান্তে লং কোভিডকে কতটা সময়ের জন্য বিবেচনা করা হয়েছিল তার তদন্তকে অন্তর্ভুক্ত করবে।

ব্যারোনেস হ্যালেট **তাই সুপারিশ করেন না যে লং কোভিডকে পর্যাপ্তভাবে মোকাবেলা করা হয়েছে তা নিশ্চিত করতে টার্মস অব রেফারেন্সে আরো সংশোধন প্রয়োজন রয়েছে।**

**শোক এবং অন্ত্যেষ্টিক্রিয়ার অভিজ্ঞতা**

আলোচনার সময় শোকাহত পরিবারগুলোকে দেওয়া সহায়তা সম্পর্কিত উদ্বেগগুলো প্রায়শই উত্থাপিত হয়েছিল। উত্তরদাতারা জিজ্ঞেস করেছিলেন যে ইনকোয়েরিটি হাসপাতাল এবং কেয়ার হোমে মৃত আত্মীয়দের সাথে দেখা করার বিধিনিষেধের এবং অন্ত্যেষ্টিক্রিয়ায় উপস্থিতির উপর বিধিনিষেধের ফলে মানসিক স্বাস্থ্যের উপর প্রভাবের  বিষয়ে তদন্ত করে — বিশেষ করে যেখানে সাংস্কৃতিক অথবা ধর্মীয় রীতিনীতি অনুসারে অন্ত্যেষ্টিক্রিয়া অনুষ্ঠান করা যায় না। উত্তরদাতারা শোকাহতদের জন্য আর্থিক আর্থিক সহায়তার অভাব এবং মৃত ব্যক্তিদের বেনিফিট সংক্রান্ত অতিরিক্ত পেমেন্ট পুনরুদ্ধারের মতো বিষয়গুলো উত্থাপন করার বিষয়েও উল্লেখ করেছেন।

ব্যারোনেস হ্যালেট **সম্মত হন যে এই বিষয়গুলোকে খসড়া টার্মস অব রেফারেন্সের মধ্যে প্রতিফলিত হতে হবে, এবং অতিরিক্ত রেফারেন্স যা ইনকোয়েরিকে মানসিক স্বাস্থ্য নিয়ে কাজ করতে দেয়, যেমনটি আগে উল্লেখ করা হয়েছে, আমাদেরকে সেই সুযোগ দেবে। তবে, বৃহত্তর সুস্পষ্টতা নিশ্চিত করার জন্য, তিনি আরো যোগ করার পরামর্শ দেন:**

- ***শোক-পরবর্তী সহায়তাসহ* শোকাহতদের মানসিক স্বাস্থ্য এবং সুস্থতার উপর প্রভাব**

মহামারী কারণে শোকাহত হওয়া মানুষের কাছ থেকে পাওয়া অনেক শক্তিশালী এবং চলমান প্রতিক্রিয়া ছাড়াও, আলোচনার সময় আমরা মর্চুয়ারি এবং অন্ত্যেষ্টিক্রিয়া খাতে মহামারীর প্রভাব সম্পর্কেও শুনেছি, উত্তরদাতারা একাধিক গভর্নমেন্ট ডিপার্টমেন্টের তৈরি করা নির্দেশিকার কারণে সেক্টরকে প্রভাবিত করে এমন অসুবিধাগুলো, এবং যুক্তরাজ্য ও হস্তান্তরিত গভর্নমেন্টগুলোর মধ্যের পদ্ধতিতে অসঙ্গতি লক্ষ্য করেন। সেক্টরের মধ্যস্থ স্টাফদের উপরে পড়া প্রভাবও উত্থাপিত হয়েছিল - যেমন, পরীক্ষা এবং পিপিই অ্যাক্সেসে অসুবিধার সম্মুখীন হওয়া অথবা 'কি ওয়ার্কার' হিসাবে স্বীকৃত হওয়া।

ব্যারোনেস হ্যালেট **মর্চুয়ারি এবং অন্ত্যেষ্টিক্রিয়া ক্ষেত্র এবং এর স্টাফদের উপর পড়া প্রভাব খসড়া টার্মস অব রেফারেন্সের মধ্যেই অন্তর্ভুক্ত রয়েছে বলে বিবেচনা করেন, এবং তাই, আর কোনো সংশোধনের সুপারিশ করেন না।**

## উপাসনা করার স্থান

আমরা উপাসনার স্থানগুলোতে প্রযোজ্য বিধিনিষেধ এবং কমিউনিটি সাপোর্টের উপর এটির প্রভাব, বিবাহ এবং অন্ত্যেষ্টিক্রিয়ার মতো জীবনের ঘটনাগুলোর চিহ্নিতকরণ, এবং ধর্মীয় উৎসব পালন সম্পর্কে ধর্ম বিশ্বাসী গোষ্ঠীগুলোর কাছ থেকে শুনেছি।

আলোচনার প্রতিক্রিয়া ইউরোপীয় কনভেনশন অন হিউম্যান রাইটের অধীনে উপাসনালয়ের উপর আরোপিত বিধিনিষেধ ও ধর্মের স্বাধীনতা এবং সমাবেশের স্বাধীনতার অধিকারের মধ্যকার ইন্টারঅ্যাকশন সম্পর্কে আরো উদ্বেগ উত্থাপন করেছে।

তাই ব্যারোনেস হ্যালেটের **সুপারিশ করেন যে টার্মস অব রেফারেন্স সংশোধন করা হয় এগুলি অন্তর্ভুক্ত করার জন্য :**

- ***আতিথেয়তা, খুচরা বিক্রেতা, খেলাধুলা এবং অবসর এবং ভ্রমণ এবং পর্যটন ক্ষেত্র, উপাসনার স্থান এবং সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলো বন্ধ করা এবং পুনরায় খোলা***

## লকডাউন বিধিনিষেধের প্রয়োগ

আলোচনা প্রক্রিয়া চলাকালীন সময়ে পুলিশিং প্রতিক্রিয়ার সামগ্রিক সুর এবং আনুপাতিকতা এবং বিভিন্ন পুলিশ বাহিনীর মধ্যে পদ্ধতির পরিবর্তনশীলতা নিয়ে উদ্বেগ সহ, কোভিড-সম্পর্কিত আইন ও প্রবিধানের প্রয়োগ নিয়ে ঘন ঘন উদ্বেগ উত্থাপিত হয়েছিল। বিক্ষোভ এবং জনসমাবেশে পুলিশিং, এবং এটি নাগরিক স্বাধীনতা এবং মানবাধিকারের উপর যে প্রভাব ফেলেছিল, ইনকোয়েরি যেন পরীক্ষা করে দেখে এমন একটি সমস্যা হিসাবেও প্রস্তাব করা হয়েছিল।

সংস্থাগুলো ইনকোয়েরিকে বিবেচনা করতে বলেছে যে বিএএমই কমিউনিটিগুলো পুলিশিং প্রতিক্রিয়া দ্বারা অসমভাবে প্রভাবিত হয়েছে কিনা — যেমন, তাদের সতর্ক করার পরিবর্তে জরিমানা আদায় করা অসামঞ্জস্যপূর্ণ হওয়ার সম্ভাবনা ছিল কিনা, এবং লকডাউন সময়কালে 'স্টপ অ্যান্ড সার্চ' ক্ষমতার ব্যবহার বৃদ্ধি পাওয়া রিপোর্ট করা হয়েছে।

খসড়া টার্মস অব রেফারেন্সের মধ্যে রয়েছে '*লেজিসলেটিভ এবং রেগুলেটরি কন্ট্রোল*' পরীক্ষা করা। যদিও এটি সর্বদাই কোভিড-সম্পর্কিত আইন এবং প্রবিধানগুলো যেভাবে প্রয়োগ করা হয়েছিল তা বিবেচনায় নেওয়ার জন্য পরিকল্পনা করা হয়েছিল, তথাপি ব্যারোনেস হ্যালেট **সম্মত হন যে টেক্সট সংশোধন করে এটি ব্যাখ্যা করা যেতে পারে:**

- ***লেজিসলেটিভ এবং রেগুলেটরি কন্ট্রোল, এবং প্রয়োগ***

## গার্হস্থ্য নির্যাতন

খসড়া টার্মস অব রেফারেন্সের লকডাউন বিধিনিষেধগুলো গার্হস্থ্য নির্যাতনের উপর যে প্রভাব ফেলেছিল তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করেনি। গার্হস্থ্য নির্যাতনের শিকারদের নিয়ে কাজ করা সংস্থাগুলোর কাছ থেকে আমরা শুনেছি যে মহামারী চলাকালীন সময়ে গার্হস্থ্য নির্যাতনের হার এবং তীব্রতা উভয়ই বৃদ্ধি পেয়েছে, এবং বিশেষ করে লকডাউন সময়কালে।

আমরা আরো শুনেছি যে লকডাউন বিধিনিষেধের প্রকৃতি গার্হস্থ্য নির্যাতনের শিকারদের জন্য দাতব্য সংস্থা এবং কমিউনিটির কাছ থেকে পাওয়া সহায়তাকে অ্যাক্সেস করা আরো কঠিন করে তুলেছিল, এবং এই সার্ভিসগুলো লকডাউন বিধিনিষেধ শেষ হওয়ার পরে চাহিদা মেটাতে সক্ষম করার জন্য পর্যাপ্ত আর্থিক সহায়তা পায়নি।

ব্যারোনেস হ্যালেট **সম্মত হন যে গার্হস্থ্য নির্যাতনের শিকার ব্যক্তিদের উপর লকডাউন বিধিনিষেধের প্রভাব টার্মস অব রেফারেন্সের বিবেচনা করতে হবে এবং সেগুলোকে অন্তর্ভুক্ত করার জন্য সংশোধন করার সুপারিশ করেন:**

- *গার্হস্থ্য নির্যাতনের শিকারদের জন্য সুরক্ষা এবং সহায়তা*

## লোকাল গভর্ণমেন্ট এবং স্বেচ্ছাসেবী ও কমিউনিটি সেক্টরের ভূমিকা

আলোচনার উত্তরদাতারা অনুভব করেছেন যে লোকাল অথোরিটির নেওয়া সিদ্ধান্ত এবং দেওয়া সার্ভিসকে খসড়া টার্ম অব রেফারেন্সে যথেষ্টভাবে স্বীকৃতি দেওয়া হয়নি — বিশেষ করে প্রাপ্তবয়স্ক এবং শিশুদের সোশ্যাল কেয়ারের মতো ক্ষেত্রে তাদের প্রধান ভূমিকার ক্ষেত্রে। আমরা এছাড়া ইউকে গভর্ণমেন্ট এবং লোকাল অথোরিটির মধ্যে সমন্বয়ের কার্যকারিতা — যেমন, মহামারী চলাকালীন সময়ে গৃহহীনতা এবং ঘরের বাইরে ঘুমানোর মোকাবেলা করা — আবার লোকাল অথোরিটির উপর 'আরোপিত' নীতিগুলোর বিষয়ে থাকা উদ্বেগ উভয় সম্পর্কে ইতিবাচক প্রতিফলন শুনেছি।

আলোচনায় অনেক প্রতিক্রিয়া উল্লেখ করেছেন যে স্বেচ্ছাসেবী এবং কমিউনিটি সেক্টরে দাতব্য সংস্থা এবং অলাভজনক সংস্থাগুলোও সরকারী অগ্রাধিকার যেমন ভ্যাকসিন রোলআউটে সহায়তা করার জন্য স্বেচ্ছাসেবকদের একত্রিত করা এবং প্রান্তিক জনগোষ্ঠীর মধ্যে আস্থা তৈরি করাসহ, মহামারী প্রতিক্রিয়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। উদ্বেগ উত্থাপিত হয়েছিল, তবে, সেটি পরিকল্পনা ও সিদ্ধান্ত গ্রহণে সেক্টরের জড়িত থাকার ধারাবাহিকতা ও সময়োপযোগীতা এবং খাতের আর্থিক সহায়তার পরিমাণ এবং সময়োপযোগীতা নিয়ে ছিল।

ব্যারোনেস হ্যালেট **সম্মত হন যে লোকাল গভর্নমেন্ট এবং স্বেচ্ছাসেবী ও কমিউনিটি সেক্টরের ভূমিকা আরো স্পষ্টভাবে টার্মস অব রেফারেন্সের মধ্যে প্রতিফলিত হতে হবে, এবং যোগ করার সুপারিশ করবে (প্রথম বিভাগে, সিদ্ধান্ত-গ্রহণের উপর):**

- *সেন্ট্রাল গভর্নমেন্ট, ডেভলভড অ্যাডমিনিস্ট্রেশনসমূহ, রিজিওনাল এবং লোকাল অথোরিটি, এবং স্বেচ্ছাসেবী ও কমিউনিটি সেক্টরের মধ্যে সহযোগিতা;*

**এবং, অর্থনৈতিক প্রতিক্রিয়া বিভাগে:**

- *স্বেচ্ছাসেবী এবং কমিউনিটি সেক্টরের জন্য অতিরিক্ত তহবিল*

*অন্যান্য পরিবর্তন*

***ব্যারোনেস হ্যালেট আরো কয়েকটি পরিবর্তনের সুপারিশ করেছেন। ইনকোয়েরির উদ্দেশ্যের ঊর্ধ্বে গিয়ে তার বৈষম্যের উপর আমাদের ফোকাসের প্রাধান্য এবং দৃশ্যমানতা বাড়ানোর লক্ষ্যে নেওয়া সিদ্ধান্ত তাকে অন্য সব বিবেচনার জন্য একই কাজ করতে পরিচালিত করে যা ইনকোয়েরির কাজের মাধ্যমে পরিচালিত হবে। তাই তিনি ইনকোয়েরির দুইটি উদ্দেশ্যের আগেই ইনকোয়েরির কাজের মধ্য দিয়ে পরিচালিত হওয়া সকল বিবেচনার কথা উল্লেখ করার সুপারিশ করেন। অবশেষে, তিনি বেশ কয়েকটি ছোট স্টাইলিশ পরিবর্তনের সুপারিশ করেছেন।***

## প্রশ্ন 2: কোন সমস্যা অথবা বিষয়গুলোকে ইনকোয়েরির প্রথমেই দেখার দরকার রয়েছে?

আলোচনায় উত্তরদাতারা ইনকোয়েরিকে প্রথমে পরীক্ষা করাতে চেয়েছিলেন এমন সবচেয়ে জোর দেওয়া থিমগুলো হল:

- শিশু এবং তরুণদের উপর মহামারীর প্রভাব
- স্বাস্থ্য এবং সোশ্যাল কেয়ার ক্ষেত্রগুলিতে প্রতিক্রিয়ার ব্যবস্থাপনা
- লকডাউনের মতো অ-ফার্মাসিউটিক্যাল হস্তক্ষেপের ব্যবহার
- সরকারের সিদ্ধান্তে বিশেষজ্ঞ এবং উপদেষ্টাদের ভূমিকা এবং তথ্য ও বিজ্ঞানের ব্যবহার

আশ্চর্যজনকভাবে, লোকজন যে ক্ষেত্রগুলোর ব্যাপারে বিশেষভাবে উদ্বিগ্ন ছিল তাদের সেগুলোকে অগ্রাধিকার দেওয়ার প্রবণতা ছিল এবং ইনকোয়েরি যেভাবে পরিচালনা করবে তা পরিকল্পনা এবং বিবেচনা করার ক্ষেত্রে, প্রদত্ত মতামতগুলো আমরা যে সমস্যাগুলোকে বিবেচনা  যদিও চূড়ান্ত টার্ম অব রেফারেন্সের উপর প্রধানমন্ত্রীর সিদ্ধান্ত নেওয়ার আগে আমাদের তদন্তগুলোর সঠিক ক্রমের বিষয়ে সিদ্ধান্ত নেওয়াটা অসময়জনিত, তথাপি গ্রীষ্মে আমরা যেভাবে ইনকোয়েরিকে পরিচালনা করতে চাই সেই সম্পর্কে আমরা আরো বিস্তারিত বর্ণনা করতে চাই। আমরা নিয়মিত আপডেট প্রদান করব।

## প্রশ্ন 3: ইনকোয়েরিকে কি তার গণ শুনানির জন্য একটি পরিকল্পিত শেষ তারিখ নির্ধারণ করতে হবে?

আলোচনার উত্তরদাতারা ইনকোয়েরি যেন তার গণ শুনানিগুলোর শেষ তারিখ নির্ধারণ করে দৃঢ়ভাবে সেই পক্ষে।

আলোচনার অনুষ্ঠানগুলোতে এই প্রশ্নগুলোর আলোচনায়, উত্তরদাতারা ইনকোয়েরির মহামারীর প্রতিটি একক দিক ফরেনসিক বিস্তারিতভাবে পরীক্ষা করা, এবং ইনকোয়েরির সময়মত অনুসন্ধান করতে সক্ষম হওয়ার মধ্যে অন্তর্নিহিত উত্তেজনাকে চিহ্নিত করেছেন। ভারসাম্য বজায় রাখতে, উত্তরদাতারা ইনকোয়েরির একটি সুস্পষ্ট স্কোপ এবং কঠোরভাবে পরিকল্পিত সময়সূচী নির্ধারণ করার পক্ষে ছিলেন। উত্তরদাতারা ইনকোয়েরির খসড়া টার্মস অব রেফারেন্সের প্রতিশ্রুতিকে স্বাগত জানিয়েছেন এটি অগ্রসর হওয়ার সাথে সাথে অন্তর্বর্তী রিপোর্টগুলো জারি করতে, সুপারিশগুলোকে চিহ্নিত করতে এবং যত তাড়াতাড়ি সম্ভব কাজ করা হয়েছে তা নিশ্চিত করতে সহায়তা করার জন্য।

তবে, আমরা এই রিপোর্টের শুরুতে যেমনটি উল্লেখ করেছি, ইনকোয়েরির চূড়ান্ত টার্মস অব রেফারেন্স যাই হোক না কেন, ইনকোয়েরি যে সমস্যাগুলো বিবেচনা করবে তার স্কেল বিশাল,

এবং তদন্তগুলো পরিচালনার ক্ষেত্রে অনিবার্যভাবে অপ্রত্যাশিত সমস্যা দেখা দেবে। আমরা সময়োপযোগী এবং সুসংগঠিত পদ্ধতিতে আমাদের কাছে সাক্ষ্য প্রদানকারী সাক্ষীদের উপর ব্যাপকভাবে নির্ভর করব। এই নিয়ামকগুলো সময়মত গণ শুনানি এবং, পরবর্তীকালে, ফলাফল এবং রিপোর্ট প্রদানের চ্যালেঞ্জকে যোগ করে।

আমরা কিভাবে গণ শুনানিগুলোর জন্য একটি প্রস্তাবিত শেষ করার তারিখের বিষয়ে আলোচনা করি তা সহ, গ্রীষ্মে ইনকোয়েরিটি কিভাবে পরিচালিত হবে সেই সম্পর্কে আমরা আরো তথ্য দিতে চাই, সেক্ষেত্রে চূড়ান্ত টার্মস অব রেফারেন্স জারি করা হয়েছে বলে ধরে নেওয়া হচ্ছে।

## প্রশ্ন 4: শোকাহত ব্যক্তিগণ অথবা মহামারীর কারণে যারা গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত অথবা কষ্টের শিকার হয়েছেন তাদের মতামত শোনা হয়েছে তা নিশ্চিত করার জন্য ইনোকোয়েরিটি কিভাবে ডিজাইন করতে এবং পরিচালনা করতে হবে?

আমরা এই প্রশ্নের উত্তরে তিনটি প্রধান থিম সম্পর্কে শুনেছি:

- **যতটা সম্ভব বিস্তৃত পরিসরের লোকজনের কাছ থেকে ডেটা সংগ্রহ এবং জনসম্পৃক্ততা নিশ্চিত করা** — উত্তরদাতারা বিস্তৃত অংশগ্রহণ নিশ্চিত করার জন্য ইনকোয়েরির বিভিন্ন পদ্ধতি ব্যবহার করা চেয়েছিলেন, যেমন উন্মুক্ত আলোচনার ফোরাম, লিখিত প্রশ্নাবলী এবং অনলাইন সমীক্ষা। উত্তরদাতারা যুক্তরাজ্য জুড়ে মানুষের কাছ থেকে এবং শোকার্ত পরিবারগুলোর সাথে সরাসরি কাজ করা পেশাদারদের কাছ থেকে শোনার গুরুত্বও উত্থাপন করেছেন, যেমন NHS স্টাফ এবং অন্ত্যেষ্টিক্রিয়া পরিচালকগণ।

- **শোকাহত ব্যক্তিদের পাশাপাশি বিভিন্ন উপায়ে ক্ষতিগ্রস্তদের অভিজ্ঞতা শোনার উপর জোর দিন** — উত্তরদাতারা উল্লেখ করেছেন যে মহামারীটি সবাইকে প্রভাবিত করেছে এবং ইনকোয়েরিকে নিশ্চিত করতে হবে যে এটি একটি বিস্তৃত পরিসরের প্রভাবিত গোষ্ঠীর কাছ থেকে শোনে, যাতে ডিজেবল ব্যক্তি, শিশুরা এবং ব্যবসা হারানো ব্যক্তিরা অন্তর্ভুক্ত কিন্তু এতেই সীমাবদ্ধ নয়।

- **অন্তর্ভুক্তিমূলক এবং অ্যাক্সেসযোগ্য উপায়গুলোর একটি পরিসীমার প্রবিধান যার মাধ্যমে মানুষের ব্যক্তিগত অভিজ্ঞতাগুলোকে অন্তর্ভুক্ত করা যেতে পারে** — উত্তরদাতারা আগ্রহী ছিলেন যে ইনকোয়েরি যেন একটি সাধারণ গণ তদন্তের শুনানির চেয়ে কম আনুষ্ঠানিক অথবা আইনি পরিবেশে ব্যক্তিগত অভিজ্ঞতাগুলোকে ক্যাপচার/ধারণ করে। প্রতিক্রিয়াগুলো বিভিন্ন পটভূমির লোকজনদের কাছে ইনকোয়েরিকে অ্যাক্সেসযোগ্য হওয়ার গুরুত্বকেও চিহ্নিত করেছে, এবং অংশগ্রহণের

জন্য ব্যবহারিক বাধাগুলো মোকাবেলা করার প্রয়োজনীয়তা যেমন শিশু পরিচর্যার খরচ।

আমরা স্বীকার করি যে অনেক লোক ইনকোয়েরির আনুষ্ঠানিক গণ শুনানির প্রক্রিয়ার সাথে জড়িত হতে চাইবেন না, কিন্তু তারপরেও তাদের কণ্ঠস্বর যেন শোনা হয় তা নিশ্চিত করতে চাইব। আমরা একটি ব্যাপকভাবে-বিস্তৃত লিসেনিং এক্সারসাইজ পরিচালনার জন্য প্রতিশ্রুতিবদ্ধ যা মহামারী চলাকালীন সময়ের ভুক্তভোগী লোকজনদের অভিজ্ঞতার কথা শুনবে। এর মধ্যে শুধু শোকাহত পরিবারগুলোই নয়, অন্যান্য গোষ্ঠীগুলোও অন্তর্ভুক্ত থাকবে যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন, যেমন শিক্ষার্থী, ব্যবসার মালিক, এবং যারা নন-কোভিড শারীরিক সমস্যার জন্য চিকিৎসা থেকে বাদ পড়েছেন। আমরা সমগ্র ইউকে জুড়ে থাকা লোকজনের কাছ থেকে শুনব, এবং লিসেনিং এক্সারসাইজকে সুবিধাবঞ্চিত গোষ্ঠীর জন্য অ্যাক্সেসযোগ্য করে তুলব।

আমরা এই কাজ করার পরিকল্পনার খুব প্রাথমিক পর্যায়ে আছি এবং গ্রীষ্মে এর নকশায় মহামারী দ্বারা প্রভাবিত ব্যক্তিদের জড়িত করব।

## এরপরে কী হবে?

ব্যারোনেস হ্যালেট এই ডকুমেন্টে নির্ধারণ করে দেওয়া টার্মস অব রেফারেন্স পরিবর্তনের সুপারিশ করে প্রধানমন্ত্রীকে চিঠি দিয়েছেন। এই ইনকোয়েরির পৃষ্ঠপোষকতাকারী মন্ত্রী হিসেবে, চূড়ান্ত টার্মস অব রেফারেন্সের বিষয়ে সিদ্ধান্ত নেবেন প্রধানমন্ত্রী। ব্যারোনেস হ্যালেট প্রধানমন্ত্রীকে তার পরিবর্তনগুলোকে বিবেচনা করতে এবং যত দ্রুত সম্ভব প্রতিক্রিয়া জানাতে বলেছেন, যাতে ইনকোয়েরি আনুষ্ঠানিকভাবে তার কাজ শুরু করতে পারে।

আমরা এই রিপোর্টের শুরুতে যেমনটি নির্ধারণ করেছি, চূড়ান্ত টার্মস অব রেফারেন্স ইনকোয়েরির বিস্তৃত পরিধিকে সংজ্ঞায়িত করবে, কিন্তু এর নিচে যা আছে তা একের পর এক হওয়া সমস্যাকে নির্ধারণ করবে যেগুলোর আমরা আরো ফরেনসিকভাবে বিশদে তদন্ত করব। চিহ্নিত সমস্যাসমূহ এবং সেগুলো যেভাবে এবং ক্রমে তদন্ত করা হয়েছে, তা ইনকোয়েরি যখন আনুষ্ঠানিকভাবে শুরু হবে তখন নির্ধারণ করা হবে। আমরা আশা করি এটি যত তাড়াতাড়ি সম্ভব হবে।

স্কটল্যান্ডে মহামারীর প্রতিক্রিয়া পরীক্ষা করার জন্য স্কটিশ সরকার একটি পৃথক গণ তদন্তও প্রতিষ্ঠা করেছে। যখন দুইটি ইনকোয়েরি তাদের কাজ শুরু করে, তখন উভয়টিই তদন্ত করা, প্রমাণ সংগ্রহ করা এবং রিপোর্টের যেকোনো অনুলিপি কমানোর জন্য প্রতিশ্রুতিবদ্ধ থাকে। মহামারী সংক্রান্ত প্রতিক্রিয়ার জটিলতার পরিপ্রেক্ষিতে, স্কটিশ সরকার এবং ইউকে সরকারের কাছে হস্তান্তরিত প্রতিক্রিয়ার দিকগুলোর মধ্যে অনিবার্যভাবে কিছু কিছু ওভারল্যাপ থাকবে এবং এমন কিছু ঘটনা থাকতে পারে যেখানে ইউকে ইনকোয়েরিকে স্কটিশ ইনকোয়েরির মতো একই বিষয়গুলো বিবেচনা করতে হবে, এমনকি এগুলো যদি হস্তান্তরিত সমস্যাও হয়। আমাদের উদ্দেশ্য হবে এই ধরনের সমস্যাগুলোকে বিবেচনার ক্রমানুসারে একসাথে কাজ করা।

একবার ইউকে ইনকোয়েরি শুরু হয়ে গেলে, স্বতন্ত্র গণ শুনানি অনুষ্ঠিত হওয়ার আগে মূল সাক্ষী এবং মূল অংশগ্রহণকারীদের সনাক্ত করা, প্রচুর পরিমাণে প্রমাণের অনুরোধ এবং পর্যালোচনাসহ, যথেষ্ট পরিমাণে প্রস্তুতিমূলক কাজ করতে হবে; ইনকোয়েরিকে বিশেষজ্ঞ এবং প্রযুক্তিগত প্রমাণসহ প্রদান করতে বিশেষজ্ঞ গবেষণা এবং উপদেষ্টাদের কমিশন করা, এবং যুক্তরাজ্য জুড়ে গণ শুনানি কেন্দ্রগুলোকে সোর্স এবং প্রস্তুত করা। এই পর্যায়ে, চূড়ান্ত টার্মস অব রেফারেন্সর বিষয়বস্তু না জেনে, ঠিক কী জড়িত এবং কতক্ষণ লাগবে সেই ব্যাপারে সুনির্দিষ্ট হওয়া কঠিন। তবে, প্রধানমন্ত্রী চূড়ান্ত টার্মস অব রেফারেন্স জারি করার পরে ব্যারোনেস হ্যালেট যত তাড়াতাড়ি সম্ভব একটি উদ্বোধনী বিবৃতি দিতে চান। তিনি তখন আমরা প্রথমে যা দেখব তা সহ, আরো বিস্তারিতভাবে নির্ধারণ করবেন আমরা কিভাবে আমাদের কাজ এবং আমাদের তদন্তগুলোর সামগ্রিক আকারকে পরিচালনা করব।

# পরিশিষ্ট: সুপারিশকৃত টার্মস অব রেফারেন্স

ইউকে কোভিড-19 ইনকোয়েরি
ড্রাফট টার্মস অব রেফারেন্স - মে 2022

ইনকোয়েরিটি ইংল্যান্ড, ওয়েলস, স্কটল্যান্ড এবং নর্দার্ন আয়ারল্যান্ডে মহামারীর প্রস্তুতি এবং প্রতিক্রিয়ার বিষয় তদন্ত, বিবেচনা এবং রিপোর্ট করবে, ইনকোয়েরির আনুষ্ঠানিক নির্ধারণের তারিখ পর্যন্ত এবং সহ, xx xxxx 2022

ইনকোয়েরি এটির কাজ সম্পাদন করার সময়, যা করবে:

a) ইউনাইটেড কিংডম জুড়ে সংরক্ষিত এবং হস্তান্তরিত বিষয় বিবেচনা করুন, প্রয়োজন অনুযায়ী, কিন্তু ডেভলভড অ্যাডমিনিস্ট্রেশন দ্বারা প্রতিষ্ঠিত অন্য যেকোনো পাবলিক ইনকোয়েরির সাথে তদন্ত, প্রমাণ সংগ্রহ এবং রিপোর্টিং করায় ডুপ্লিকেশন কমাতে চাইবে;
b) বিভিন্ন শ্রেণীর মানুষের উপর মহামারীর প্রভাবে দৃশ্যমান যেকোনো বৈষম্যকে বিবেচনা করবে, ইকুয়ালিটি অ্যাক্ট 2010 এর অধীনে সুরক্ষিত বৈশিষ্ট্য এবং নর্দার্ন আয়ারল্যান্ড অ্যাক্ট 1998 এর অধীনে সমতা বিভাগসহ, কিন্তু এতে সীমাবদ্ধ নয়;
c) শোকসন্তপ্ত পরিবার এবং অন্যান্য যারা মহামারীর ফলে কষ্ট অথবা ক্ষতির সম্মুখীন হয়েছেন তাদের অভিজ্ঞতাগুলো শুনুন এবং মনোযোগ সহকারে বিবেচনা করুন। যদিও ইনকোয়েরি ক্ষতি অথবা মৃত্যুর পৃথক পৃথক কেসগুলোকে বিশদভাবে বিবেচনা করবে না, তবে এই বিবরণগুলো শোনা মহামারীর প্রভাব এবং প্রতিক্রিয়া এবং শিখতে হবে এমন লেসনগুলো সম্পর্কে এটির উপলব্ধিকে অবগত করবে;
d) যেখানে প্রস্তুতি থেকে চিহ্নিত লেসন এবং মহামারীর প্রতিক্রিয়া অন্যান্য জরুরি নাগরিক অবস্থার ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে তা উল্লেখ করুন;
e) প্রাসঙ্গিক আন্তর্জাতিক তুলনার প্রতি যুক্তিসঙ্গত বিবেচনা রাখুন; এবং
f) এর রিপোর্ট (অন্তর্বর্তীকালীন রিপোর্টসহ) এবং যেকোনো সুপারিশ সময়মত তৈরি করুন।

ইনকোয়েরির উদ্দেশ্যগুলো হল:

1. **ইংল্যান্ড, ওয়েলস, স্কটল্যান্ড এবং নর্দার্ন আয়ারল্যান্ডে কোভিড-19 এর প্রতিক্রিয়া এবং মহামারীর প্রভাব পরীক্ষা করুন, এবং একটি বাস্তব বর্ণনামূলক বিবরণ তৈরি করুন, যাতে অন্তর্ভুক্ত থাকবে:**

a) যুক্তরাজ্য জুড়ে পাবলিক হেলথের প্রতিক্রিয়া, এতে অন্তর্ভুক্ত রয়েছে:
   i) প্রস্তুতি এবং স্থিতিস্থাপকতা;
   ii) কিভাবে সিদ্ধান্ত নেওয়া, যোগাযোগ করা, রেকর্ড করা হয়েছিল এবং বাস্তবায়িত হয়েছিল
   iii) আন্তঃসরকারি সিদ্ধান্ত-গ্রহণ;
   iv) সেন্ট্রাল গভর্নমেন্ট, ডেভলভড অ্যাডমিনিস্ট্রেশনসমূহ, রিজিওনাল এবং লোকাল অথোরিটি, এবং স্বেচ্ছাসেবী ও কমিউনিটি সেক্টরের মধ্যে সহযোগিতা;
   v) তথ্য, গবেষণা এবং বিশেষজ্ঞ প্রমাণের প্রাপ্যতা এবং ব্যবহার;
   vi) লেজিসলেটিভ এবং রেগুলেটরি কন্ট্রোল, এবং প্রয়োগ;
   vii) শিল্ডিং এবং চিকিৎসাগতভাবে দুর্বলদের সুরক্ষা;
   viii) লকডাউন এবং অন্যান্য 'নন-ফার্মাসিউটিক্যাল' হস্তক্ষেপের ব্যবহার যেমন সামাজিক দূরত্ব বজায় রাখা এবং ফেস কভারিংয়ের ব্যবহার;
   ix) পরীক্ষা করা, কন্টাক্ট ট্রেসিং এবং আইসোলেশন;

x) জনগণের মানসিক স্বাস্থ্য এবং সুস্থতার উপর প্রভাব, এতে অন্তর্ভুক্ত রয়েছে যারা মহামারীর দ্বারা উল্লেখযোগ্যভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে তারাও কিন্তু এতেই সীমাবদ্ধ নয়;

xi) শোক-পরবর্তী সহায়তাসহ, শোকাহতদের মানসিক স্বাস্থ্য এবং সুস্থতার উপর প্রভাব;

xii) স্বাস্থ্য ও পরিচর্যা খাতের স্টাফ এবং অন্যান্য কি ওয়ার্কারদের উপর প্রভাব;

xiii) শিশুদের সোশ্যাল কেয়ার, মানসিক স্বাস্থ্য এবং সুস্থতাসহ, শিশু এবং তরুণদের উপর প্রভাব;

xiv) শিক্ষা এবং আর্লি ইয়ারগুলো সংক্রান্ত বিধান;

xv) আতিথেয়তা, খুচরা বিক্রয়, খেলাধুলা এবং অবসর এবং ভ্রমণ এবং পর্যটন খাত, উপাসনালয় এবং সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলো বন্ধ করা এবং পুনরায় খোলা;

xvi) আবাসন এবং গৃহহীনতা;

xvii) গার্হস্থ্য নির্যাতনের শিকারদের জন্য সুরক্ষা এবং সহায়তা;

xviii) কারাগার এবং আটক রাখার অন্যান্য স্থান;

xix) বিচার ব্যবস্থা;

xx) ভ্রমণ এবং সীমান্ত; এবং

xxi) পাবলিক ফান্ডের সুরক্ষা এবং আর্থিক ঝুঁকির ব্যবস্থাপনা।

খ) ইউকে জুড়ে স্বাস্থ্য ও পরিচর্যা খাতের প্রতিক্রিয়া, এতে অন্তর্ভুক্ত রয়েছে:

i) প্রস্তুতি, প্রাথমিক সক্ষমতা এবং সক্ষমতা বাড়ানোর সামর্থ্য, এবং স্থিতিস্থাপকতা;
ii) অফিসিয়াল হেলথকেয়ার অ্যাডভাইস সার্ভিসগুলোর সাথে প্রাথমিক যোগাযোগ যেমন 111 এবং 999;
iii) প্রাইমারি কেয়ার সেটিংগুলোর ভূমিকা যেমন জেনারেল প্র্যাকটিস;
iv) সংক্রমণ প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ, ট্রায়েজ, ক্রিটিক্যাল কেয়ার ক্যাপাসিটি, রোগীদের ছেড়ে দেওয়া, 'ডু নট অ্যাটেম্পট ডিওপালমোনারি রিসাসিটেইশন' (ডিএনেসিপিআর) সিদ্ধান্তের ব্যবহার, প্যালিয়েটিভ কেয়ারের দিকে অগ্রসর হওয়া, ওয়ার্কফোর্স পরীক্ষা করা, পরিদর্শনের পরিবর্তন, এবং স্টাফদের ও স্টাফদের স্তরের উপর প্রভাবসহ, হাসপাতালে মহামারী ব্যবস্থাপনা;
v) সংক্রমণ প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ সহ, বাসিন্দাদের এক হোম থেকে অন্য হোমে স্থানান্তর, বাসিন্দাদের চিকিৎসা এবং পরিচর্যা, ভিজিট করায় বিধিনিষেধ, ওয়ার্কফোর্সের পরীক্ষা এবং পরিদর্শনে পরিবর্তনসহ, কেয়ার হোম এবং অন্যান্য পরিচর্যার পরিবেশে মহামারী ব্যবস্থাপনা;
vi) অবৈতনিক কেয়ারারদের দ্বারা দেওয়া সহ, বাড়িতে পরিচর্যা;
vii) প্রসবপূর্ব এবং প্রসবোত্তর পরিচর্যা;
viii) পিপিই এবং ভেন্টিলেটরসহ, মূল সরঞ্জাম এবং সরবরাহের সংগ্রহ এবং বিতরণ;
ix) থেরাপিউটিকস এবং টিকার উন্নয়ন, বিতরণ এবং প্রভাব;
x) অ-কোভিড সম্পর্কিত অবস্থা এবং চাহিদাগুলোর প্রবিধানের উপর মহামারীর ফলাফল; এবং
xi) যারা লং-কোভিড-এর সম্মুখীন হচ্ছেন তাদের জন্য ব্যবস্থা।

c) মহামারী এবং এর প্রভাবের অর্থনৈতিক প্রতিক্রিয়া, সরকারী হস্তক্ষেপের উপায়গুলোসহ:

i) করোনাভাইরাস জব রিটেনশন স্কিম, সেলফ-এমপ্লয়মেন্ট ইনকাম সাপোর্ট স্কিম, লোন স্কিম, ব্যবসায়িক হারে ছাড় দেওয়া এবং অনুদানসহ, ব্যবসা, চাকরি এবং স্ব-নিযুক্তদের জন্য সহায়তা;
ii) প্রাসঙ্গিক পাবলিক সার্ভিসগুলোর জন্য অতিরিক্ত অর্থায়ন;
iii) স্বেচ্ছাসেবী এবং কমিউনিটি সেক্টরের জন্য অতিরিক্ত তহবিল; এবং
iv) বেনিফিট এবং সিক পে, এবং বিপন্ন লোকেদের জন্য সহায়তা।

2. **ভবিষ্যতে মহামারীর জন্য যুক্তরাজ্যের প্রস্তুতি সম্পর্কে অবহিত করতে, উপরেরগুলো থেকে শিখতে হবে এমন লেসনগুলো চিহ্নিত করুন।**